


Vol. 9 | No. 1 | 1965

Check for updates

সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

# দর্শন ও মনোবিদ্যা পরিভাষাকোষ [মুসলিম দর্শন ও তৎসংশ্লিষ্ট শব্দ এবং উপপদ প্রভৃতির অর্থ, সংজ্ঞা ও ব্যাখ্যা সম্বলিত]

| | |
|---|---|
| Volume | 9 |
| Issue | 1 |
| Year | 1965 |
| ISSN | 0558-1583 |
| eISSN | 3006-886X |
| Author(s) | সাইয়েদ আবদুল হাই |
| Published online | June 15, 1965 |
| DOI | 10.62328/sp.v9i1.9 |
| Link to article | https://doi.org/10.62328/sp.v9i1.9 |
| Pages | 171-211 |
| Publisher | University of Dhaka |
| Copyright | সাহিত্য পত্রিকা |
| Designed and Developed by | Zobayer Abdullah |

Check for updates

# দর্শন ও মনোবিদ্যা পরিভাষাকোষ

[ মুসলিম দর্শন ও তৎসংশ্লিষ্ট শব্দ এবং উপপদ প্রভৃতির অর্থ, সংজ্ঞা ও ব্যাখ্যা সম্বলিত ]

**সাইয়েদ আবদুল হাই**

[ প্রথম ( )—এর মধ্য বাংলা অক্ষরের শব্দটির উচ্চারণ ও পরের ( )—এর মধ্যে সংকেতের সাহায্যে শব্দটি দর্শন ও মনোবিদ্যার কোন্ শাখায় অধিক ব্যহৃত হয় তাহা দেওয়া হইয়াছে।]

ব্যবহৃত সংকেত:

যু: = যুক্তি বিদ্যা ( Logic )
দ: = সাধারণ দর্শনশাস্ত্র ( General Philosophy )
অর্থাৎ তত্ত্ববিদ্যা ( Metaphysics ) ও ধীবিদ্যা ( Epistemology )
নী: = নীতিশাস্ত্র ( Ethics )
ম: = মনোবিদ্যা ( Psychology ) ]

A-( অ্যা ) — ( গ্রীক-উপপদ ),অ-, অভাববোধক ।

Ab-( অ্যাব্ ) — ( লাতিন উপপদ ) অ-, বি-, বিপরীত ; দূর ।

Abduction ( অ্যাবডাক্শান্ ) — ( যুঃ ) প্রতারণ অনুমান । আরিস্তোতলের ( Aristotle ) — যুক্তিবিদ্যায় ইহা এক প্রকার সহানুমান ( Syllogism ), যাহার প্রধান হেতুবাধ্য সত্য, কিন্তু অপ্রধান হেতুবাধ্য সম্ভাব্য মাত্র । পিয়ার্স ( Peirce ) — এর যুক্তিবিদ্যায় ইহা এক প্রকার অনুমান, যাহার সাহায্যে ব্যাখ্যাকারী প্রকল্প ( Explanatory Hypothesis ) পাওয়া যায় ।

Abdul Karim Jili ( আবদুল করীম জীলী ) — আবদুল করীম জীলী একজন সুফী সাধক ও লেখক। তাঁহার লিখিত 'ইনসানি-ই-কামিল সূফীতত্ত্বের একখানি বিখ্যাত গ্রন্থ। আবদুল করীম জীলী ১৩৬৫ খ্রীস্টাব্দে উত্তর পারস্যের অন্তর্গত জীলীন নামক স্থানে জন্ম গ্রহণ করেন। তিনি বহুদেশ পর্যটন করেন। ২৩ বৎসর বয়সে তিনি একবার পাক-ভারতেও আসিয়াছিলেন। তিনি আনুমানিক ৫০ বৎসর বয়সে ইনতিকাল করেন।

Abdul Malik Juvaini ( আবদুল মালিক জুভাইনী ) — আবদুল মালিক জুভাইনী মুতাকাল্লিম মতবাদের একজন শক্তিশালী চিন্তাবিদ। তিনি 'ইমামুল্ হারামায়্ন' আখ্যায় অধিক পরিচিত। তদানীন্তন মুসলিম জগতের সর্বাপেক্ষা বিখ্যাত বিদ্যালয় 'নিয়ামীয়া'র অধ্যক্ষ হিসেবে তিনি প্রায় ৩০ বৎসর নিযুক্ত ছিলেন। জুভাইনী ১০৪১ খ্রীস্টাব্দে পারস্যের অন্তর্গত নিশাপুরের নিকটবর্তী তিষানিগান গ্রামে জন্ম গ্রহণ করেন। তিনি প্রায় ৬০ বৎসর জীবিত ছিলেন।

Abdul Quadir Jilani ( অবদুল কাদের জীলানী ) — আবদুল কাদের জীলানী একজন প্রধান সূফী সাধক। তিনি হজরত বড়পীর আখ্যায় পরিচিত। তাঁহার নাম অনুসারে তাঁহার প্রবর্তিত সূফী তরিকা ( সাধন পদ্ধতি ) কাদিরিয়া তরিকা নামে অভিহিত হয়।

হজরত আবদুল কাদির উত্তর পারস্যের অন্তর্গত জিলান নামক স্থানে জন্ম গ্রহণ করেন। আনুমানিক ১০৭৮ খ্রীস্টাব্দে তাঁহার জন্ম হয়। তিনি ৯১ বৎসর পর্যন্ত জীবিত ছিলেন। বহু ইহুদী ও খ্রীস্টান তাঁহার নিকট ইসলাম ধর্মে দীক্ষিত হয়।

Abdur Rajjaq Lahiji ( আবদুর রাজ্জাক লাহিজী ) — আবদুর রাজ্জাক লাহিজী খ্রীস্টীয় ষষ্টদশ শতাব্দীর একজন শক্তিশালী মুসলিম দার্শনিক। তিনি পারস্যের অধিবাসী ছিলেন। ধর্মীয় দর্শনের উপর

লিখিত তাঁহার অনেকগুলি গ্রন্থ আছে। এইগুলির মধ্যে 'গাওহার-ই-মুরাদ' সমধিক প্রসিদ্ধ।

Abdul Wahhab Jubbai (আব্দুল ওয়াহ্হাব জুব্বাঈ) — আবদুল ওয়াহ্হাব জুব্বাঈ। মুতাযিলা মতবাদের প্রাদুর্ভাবের শেষ যুগের একজন প্রধান চিন্তাবিদ। মুতাকাল্লিম মতবাদের প্রবর্তক আল্ আশ্‌আরী তাঁহার নিকট শিক্ষা গ্রহণ করেন। তাঁহার পূর্ণ নাম ছিল আবু আলী মুহম্মদ বিন আবদুল ওয়াহ্হাব আন-জুব্বাঈ। আন-জুব্বাঈ বা আবদুল ওয়াহ্হাব জুব্বাঈ নামে তিনি অধিক পরিচিত। তিনি বসরার অধিবাসী ছিলেন। ৮৫০ খ্রীস্টাব্দে তাঁহার জন্ম হয় ও ৯১৫ খ্রীস্টাব্দে তিনি ইনতিকাল করেন।

Abu Ali Shaqiq (আবু আলী শাকীক) — আবু আলী শাকীক। প্রাথমিক যুগের একজন প্রধান সুফী সাধক তিনি আনুমানিক ৮১২ খ্রীস্টাব্দে ইনতিকাল করেন।

Aberration (অ্যাবারেশান) — (মঃ) অপেরণ।

সাধারণ অর্থে স্বভাবী (normal) হইতে অনিয়মত বিচ্যুতিকে অপেরণ বলা হয়।

— Mental (— মেন্টাল) — (মঃ) মানসিক অপেরণ।

যে সকল মানসিক বিশৃঙ্খলা বা অস্বভাবী আচরণ কোন শ্রেণীতে ফেলা যায় না, সেগুলিকে 'মানসিক অপেরণ' এই সাধারণ নামে অভিহিত করা হয়।

Ability (এবিলিটি) — সামর্থ্য, ক্ষমতা। [ সামর্থ্য, বলিতে যে কোন প্রকার সাধারণ বা বিশেষ কার্য করিবার ক্ষমতা বুঝায়।

Abiogenesis (অ্যাবাইওজেনেসিস্) — অপ্রাণজবাদ; অজীবজনিবাদ এই মতবাদ অনুসারে জড় বস্তু হইতে জীবনের সৃষ্টি।

জড় হইতে প্রাকৃতিক রাসায়ণিক ক্রিয়ার ফলে জীবনের উদ্ভব হয়, জীবনীশক্তি বা প্রাণশক্তি বলিয়া স্বতন্ত্র কোন শক্তির অস্তিত্ব নাই। ইহার বিপরীত মতবাদ হইল প্রাণজবাদ বা জীবজনিবাদ (Biogenesis)। Biogenesis দ্রষ্টব্য।

Abnormal ( অ্যাব্‌নরম্যাল্ ) — ( মঃ ) অস্বভাবী, বিকৃত।
সাধারণ বা স্বভাবীর বরখেলাফই অস্বভাবী বা বিকৃত।

— fixation ( — ফিক্‌সেশান ) — ( মঃ ) অস্বভাবী সংসক্তি।
Fixation দ্রষ্টব্য।

— Psychology ( — সাইকলজী )—(মঃ) বিকৃত মনোবিদ্যা, অস্বভাবী মনোবিদ্যা। মনোবিদ্যার যে শাখার স্বভাবী হইতে বিচ্যুত ব্যক্তিগণের মানসিক ক্রিয়ার আলোচনা করা হয়, তাহাকে অস্বভাবী মনোবিদ্যা বলে। সাধারণতঃ বিকৃত মস্তিষ্ক ব্যক্তিগণের মানসিকপ্রক্রিয়া অস্বভাবিক মনোবিদ্যার বিষয় বস্তু।

Aboulia (অ্যাবুলিয়া)—(মঃ) অব্যববস্থিত চিত্ততা, মানসিক অব্যবস্থিত ভাব।

Abreaction ( অ্যাব্‌রিঅ্যাক্‌শান )— (মঃ) অভিস্ফোট, কল্পনায় অবদমিত ইচ্ছাপূরণ।
ইহা মনঃ সমীক্ষণের একটি পদ্ধতি। কোন অবদমিত ইচ্ছার ফলে মানসিক রোগ হইলে, ঐ ইচ্ছা কল্পনায় পূরণ করাইয়া ঐ রোগ নিরাময় করা হয়।

Abscissa ( অ্যাবসিসা )-- ভুজ (রেখাচিত্রের)

Absentmindedness ( অ্যাবসেণ্ট মাইণ্ডেড্‌নেস্ )—(মঃ) অমনোযোগিতা।

Absicht ( অ্যাবসিচ্‌ট ) — অভিপ্রায় ; নিয়ৎ। ( জার্মান )।

Absolute ( অ্যাবসলুট, অ্যাবসলিউট ) — ( দঃ, যুঃ ) পরম, ভূমা, স্বয়ং সম্পূর্ণ, নিরপেক্ষ, চূড়ান্ত, চরম।

ভাববাদী বা অধ্যাত্মবাদী দর্শন ( Idealistic Philosoply )—অনুসারে যাহা বিশ্বপ্রকৃতির ( আত্মা ও বস্তু জগতের ) মূল উৎস ও অন্তর্নিহিত সত্ত্বা তাহাই পরম। এই মত অনুসারে বিশ্বপ্রকৃতি পরমের ক্রমবিকাশমাত্র। দার্শনিক শেলিং ( Schelling ) ও স্পিনোযার (Spinoza) মতে এই 'পরম' হইতেই পদার্থের ( আত্মা ও বস্তু জগতের ) সৃষ্টি। দার্শনিক হেগেলের (Hegel) মতে পদার্থের অভিব্যক্তি বা সৃষ্টি প্রবাহই এই 'পরম'। কিন্তু টমাস হবস্ ( Thomas Hobbes ) প্রভৃতি বস্তুবাদী দার্শনিকদের মতে সমস্ত কিছুই আপেক্ষিক ; পরম বলিয়া কোন কিছুই নাই।

—Ego ( — ইগো ) — ( দঃ ) ; পরম অহং ; পরমাত্মা।

—Idea ( — আইডিয়া ) — ( দঃ ) ; পরম ভাব, পরম তত্ত্ব।

—Idealism ( — আইডিয়ালিজ্ম্ ) — ( দঃ ) পরম ভাববাদ, নির্বিশেষ ভাববাদ।

পরম ভাববাদ অনুসারে আত্মা ( চৈতন্য ) ও বস্তুজগৎ পরম ভাব বা পরমতত্ত্বেরই ক্রমবিকাশ। হেগেলের ( Hegel-এর ) মতে আত্মা ও অনাত্মার, অন্তর্নিহিত সত্তা হিসাবে বিদ্যমান। ইহা বাহিরের তৃতীয় পদার্থ নয়।

—Mind ( — মাইণ্ড ) — ( দঃ ) ঃ পরম-মন ; বিশ্ব-মন।

—Spirit ( — স্পিরিট ) — ( দঃ ) ঃ পরম আত্মা, বিশ্ব-আত্মা।

—Term ( — টার্ম্ ) — ( যুঃ ) নিরপেক্ষ পদ।

যে পদের অর্থ অন্য পদের সাহায্য ব্যতীত বুঝা যায় সেই পদকে নিরপেক্ষ পদ বলে। যেমন, মানুষ, পুস্তক ইত্যাদি। নিরপেক্ষ পদের বিপরীত হইল সাপেক্ষপদ ( Relative Term )। Relative Term বিশেষ দ্রষ্টব্য।

—Threshold ( — থ্রেশহোল্‌ড্‌ ) —( মঃ ) সর্বনিম্ন সীমা।

উদ্দীপকের সংবেদন উৎপাদন করার সর্বনিম্ন ক্ষমতা অর্থাৎ সর্বনিম্ন যে উদ্দীপক সংবেদ উৎপাদন করিতে পারে তাহাকে সর্বনিম্ন সীমা বলে।

—Truth ( — ট্রুথ্‌ ) — ( দঃ ) পরম সত্য।

—Value ( — ভ্যালু ) — ( দঃ ) পরম মূল্য, নিরপেক্ষ মূল্য।

Absoluteness ( অ্যাবসলিউটনেস্‌ ) — ( দঃ ) পরমতা।

Absolution ( অ্যাবসলিউশন্‌ ) — ( দঃ ) নিষ্কৃতি ; নিস্তার, উদ্ধার।

ধর্মযাজক কর্তৃক পাপ মোচন বা দণ্ড হইতে অব্যাহতিকে Absolution বলা হয়। রোমান ক্যাথলিক খ্রীস্টানদের মধ্যে এইরূপ রীতি প্রচলিত আছে।

Absolutism ( অ্যাবসলিউটিজ্‌ম্‌ ) — ( দঃ ) পরমবাদ।

পরমভাব, পরমসত্তা বা ঈশ্বরই সর্বনিয়ন্তা ও সর্বশক্তির আধার — এইরূপ ধারণাকে পরমবাদ বলা হয়।

Asolutistic Personalism ( — পার্‌সন্যালিজ্‌ ) ( দঃ ) পরম ব্যক্তিত্ববাদ।

এই মতবাদ অনুসারে পরমকে ব্যক্তি হিসাবে ধরা হয়।

Absorption ( অ্যাব্‌সরপ্‌শান ) — ( মঃ ) (১) মনোনিবেশ, অভিনিবেশ। ( ২ ) শোষণ।

— Curve ( — কার্ভ ) — ( মঃ ) শোষণ রেখা চিত্র।

যে রেখাচিত্রের সাহায্যে কোন বিশেষ বস্তু বিভিন্ন আলোক-তরঙ্গের কি কি পরিমাণ শোষণ বা প্রতিফলন করে তাহা দেখান যায়, তাহাকে শোষণ রেখা চিত্র বলে।

Abstract ( অ্যাব্‌স্ট্রাক্ট ) — ( দঃ, যুঃ ) অমূর্ত, গুণবাচক।

Abstract Term ( — টার্‌ম্‌ ) — ( যুঃ ) গুণবাচক পদ। যে পদ, দ্রব্য বা বস্তু হইতে বিচ্ছিন্ন গুণ বুঝায়, তাহাকে গুণ বাচক পদ বলে ;

যেমন মনুষ্যত্ব, সত্যবাদিতা। গুণ বাচক পদের বিপরীত হইল বস্তু বাচক পদ (Concrete Term) Concrete Term দ্রষ্টব্য।

— Idea ( — আইডিয়া ) : ( দঃ ) অমূর্ত ধারণা, অমূর্ত ভাব।

— Thinking ( — থিঙ্কিং ) — ( মঃ, দঃ, ) অমূর্ত চিন্তা। বিশেষ বস্তু চিন্তা না করিয়া ধারণা ; ভাব প্রভৃতি সম্বন্ধে চিন্তা করাকে অমূর্ত চিন্তা বলে।

Abstraction ( অ্যাবস্ট্রাকশান্ )—( যুঃ, দঃ ) অমূর্ত কারণ, পৃথক কারণ।

Abstractionism ( আবস্ট্রাকশনিজম্ ) — ( দঃ ) অমূর্তবাদ। এই মতবাদে অমূর্তকে প্রথম সত্তা হিসাবে ধরা হয়। অন্য অর্থে, অমূর্তকে বস্তু হিসেবে ধরা বা অমূর্তের ভুল ব্যবহারকে অমূর্তবাদ বলা হয়।

Absurdities Test ( অ্যাবসার্ডিটিজ টেষ্ট ) — ( মঃ ) অসঙ্গতি পরখ। ইহা একপ্রকার মানসিক পরখ। ইহাতে পরখ পাত্রকে গল্প, ছবি বা বিবৃতিতে যে সকল অসঙ্গতি থাকে তাহা বাহির করিতে বলা হয়।

Abubacer ( আবুবাকের ) — ( লাতিন অপভ্রংশ ) আবুবকর মুহাম্মদ ইবন তুফায়লের লতিন ভাষায় প্রচলিত নাম। Abu Bakr Muhammad ibn Tufayl দ্রষ্টব্য।

Abu Bakr al-Baqillani ( আবু বাকর আল বাকিল্লানী ) — আবু বাকর আল্ বাকিল্লানী ; আলবাকিল্লানী। আল বাকিল্লানী মুতাকাল্লিম মতবাদের একজন শক্তিশালী দার্শনিক ছিলেন। তিনি আল-আশআরীর প্রবর্তিত কালামের উন্নতি সাধন করেন ও পারমাণবিক মতবাদের পূর্ণরূপ দান করেন। তিনি ১৩০৩ খ্রীস্টাব্দে ইন্তিকাল করেন।

Abu Bakr ar-Razi ( আবু বাকর আর রাযী ) — আবু বকর আর রাযী। প্রথম যুগের মুতাযিলাদের সমসাময়িক একজন দার্শনিক ছিলেন। প্রাকৃতিক দর্শনের দিকেই তাঁহার বেশী অনুরাগ ছিল।

Abu Bakr Muhammed ibn Tufayl (আবু বকর মুহম্মদ ইবন্ তুফায়েল) —আবু বকর মুহম্মদ ইবন্ তুফায়েল স্পেনের দার্শনিকদের মধ্যে অন্যতম ছিলেন। তাঁহার দর্শনের সহিত ইবন বাজার দর্শনের প্রচুর সমঞ্জস্য আছে। তিনি 'হাই ইবন য়াকযান' নামে একখানি দার্শনিক উপাখ্যান রচনা করেন। এই পুস্তকের রচয়িতা হিসাবে তিনি বিশেষ ভাবে পরিচিত। ১১৮৫ খ্রীস্টাব্দে তাঁহার মৃত্যু হয়।

Abu Daud (Abu Dawud — আবু দাউদ) — আবু দাউদ হদীস সংগ্রাহকদিগের মধ্যে প্রধান একজন। তাঁহার সংকলিত হদীস গ্রন্থ 'যুনান' ছয়খানি সর্বাপেক্ষা অধিক প্রামাণ্য হদীস গ্রন্থের অন্যতম।

আবু দাউদ সিসতানের অধিবাসী ছিলেন। ৮২৪ খ্রীস্টাব্দে তাঁহার জন্ম হয়। তিনি ৮৯৭ খ্রীস্টাব্দে ৭৪ বৎসর বয়সে ইনতিকাল করেন।

Abu Hanifa (আবু হানীফা) আবু হানীফা, ইমাম আবু হানীফা, ইমাম আযম।

মুসলিম ব্যবহারিক আইন শাস্ত্রের (ফিকাহ্) একটি প্রধান মতবাদের প্রবর্তক। সেই জন্য তিনি ইমাম আযম আখ্যায় পরিচিত। তাঁহার অনুসারীদিগকে হানাফী বলা হয়।

ইমাম আবু হানীফার পূর্ণনাম ছিল আবু হানীফা নু'মান বিন সাবিত। তিনি ৮০ হিজরীতে কুফায় জন্ম গ্রহণ করেন। ইমাম আবু হানীফা ব্যবহারিক আইন রচনায় কিয়াস (তুলনা মূলক উদাহরণ) ও ইস্তিহ্সান (মঙ্গল জনকতা)-এর উপর অধিক গুরুত্ব প্রদান করেন। তাঁহার রচিত আইন শাস্ত্রের গ্রন্থখানি 'ফিকহুল আকবর' নামে পরিচিত। তিনি ১৫০ হিজরীতে ইনতিকাল করেন।

**Abu Huraire** ( Abu Hurayra — আবু হুরায়রা ) — আবু হুরায়রা। হজরত রসুলুল্লাহ্‌র ( হজরত মুহম্মদ মুস্তাফা ) একজন পার্শ্বচর ছিলেন। তাঁহার মাধ্যমে বহু হদীস পাওয়া গিয়াছে।

**Abu Mansur al-Maturidi** (আবু মানসুর আল্-মাতুরিদী)—আবু মানসুর আল্ মাতুরিদী আল্-মাতুরিদী আল্-আশ্‌আরীর সমসাময়িক ছিলেন। তিনি সমরখন্দে নব্য মুতাকাল্লিমবাদের প্রবর্তন করেন। আল্-আশ্‌আরী ও আল্-মাতুরিদীর মধ্যে সামান্য পার্থক্য রহিয়াছে। তাঁহাদের প্রধান পার্থক্য হইল এই যে ফিকাহ্ শাস্ত্রের দিক হইতে আল্-আশ্‌আরী ছিলেন ইমাম শাফিয়ীর সমর্থক ও আল্-মাতুরিদী ছিলেন ইমাম আবু হানিফার সমর্থক।

**Abul Ala al- Maarri** ( আবুল আলা অল্ মা আররী ) — আবুল আলা আল্‌মাআররী। আবুল আলা আল্‌মাআররী বিশ্বের প্রধান দার্শনিক কবিদিগের মধ্যে একজন। তিনি ৯৭৩ খ্রীস্টাব্দে সিরিয়ায় জন্মগ্রহণ করেন। শৈশবে অন্ধ হইয়া গেলেও তিনি প্রগাঢ় পাণ্ডিত্য অর্জন করেন ও তিনি বিভিন্ন বিষয়ের অধ্যাপনা করিতেন। তাঁহার কবিতা পুস্তকের মধ্যে 'সকতুয যান্দ্' ও 'লযুমীয়াতে' অধিক প্রসিদ্ধ। তাঁহার কবিতার ছত্রে ছত্রে দুঃখবাদ ও অজ্ঞেয়তাবাদের ধ্বনি ফুটিয়া উঠে।

**Abul Hasan Ali al-Ashari** ( আবুল হাসান আলী অল্-আশ্‌আরী ) —আবুল হাসান আলী আল্-আশ্‌আরী নব্য কালাম বা মুতাকাল্লিম বাদের প্রবর্তক হিসাবে পরিচিত। তিনি আনুমানিক ২৬০ হিজরীতে জন্মগ্রহণ করেন। শৈশবে তিনি মুতাযিলা পণ্ডিত আল-জুব্বাঈ-এর নিকট শিক্ষা গ্রহণ করেন; ও ৪০ বৎসর বয়স পর্যন্ত মুতাযিলা মতেরই সমর্থক ছিলেন।

তদানীন্তন সময়ে মুতাযিলাদিগের অতি যুক্তিবাদিতার বিরুদ্ধে একটি প্রতিক্রিয়াশীল দল গড়িয়া উঠে। এই দলের ধারণা ছিল

যে মুতাযিলাদের যুক্তিবাদিতায় জনসাধারণের ধর্মবিশ্বাস শিথিল হইয়া পড়িবে। আল্-আশ্‌আরী মুতাযিলা ও প্রতিক্রিয়াশীল দলের মধ্যে সমন্বয় সাধন করার চেষ্টা করেন। এই সমন্বয়ই হইল নব্য কালামবাদ বা মুতাকাল্লিমবাদ।

Abul Hudhayl ( Abul Huzayl আবুল হুযায়ল ) — আবুল হুযায়ল।
আবুল হুযায়ল মুতাযিলা মতবাদের ( সম্প্রদায়ের ) একজন দার্শনিক ছিলেন। তাঁহার পূর্ণ নাম ছিল আবুল হুযায়ল মুহম্মদ বিন আল-হুযায়ল আল-আলল্লাফ। তিনি মুতাযিলাবাদের প্রবর্তক ওয়াসিল বিন আতার শিষ্য উসমান বিন খালেদের শিষ্য ছিলেন। আবুল হুযায়ল ধর্মতত্ত্বের উপরে দর্শনের প্রভাব স্বীকার করিতেন এবং মুতাযিলা মতবাদ সম্বন্ধে অনেকগুলি পুস্তক রচনা করেন। তিনি খলীফা আল-মামুনের সাপ্তাহিক ধর্মীয় মজলিসের প্রধান ছিলেন। আবুল হুযায়ল ৮৫০ খ্রীস্টাব্দে ইনতিকাল করেন।

Abul Husayan al-Khaiyat ( আবুল হুসায়ন আল্-খাইয়াত ) — আবুল হুসায়ন আল্-খাইয়াত। আল্ খাইয়াত হিজরী তৃতীয় শতাব্দীর শেষ ভাগের মুতাযিলা দার্শনিকদের মধ্যে অন্যতম। তিনি অনেকগুলি পুস্তক রচনা করেন, তন্মধ্যে 'কিতাবুল ইনতিসার' সমধিক প্রসিদ্ধ।

—an Nuri ( — আন-নূরী ) — আবুল 'হুসায়ন আন্নূরী মধ্যযুগের একজন সুফী সাধক। তিনি খোরাসানের অধিবাসী ছিলেন। তিনি আনুমানিক ৯৪৬ খ্রীস্টাব্দে ইন্‌তিকাল করেন।

Academy ( অ্যাক্যাডেমি ) — আকাদেমী ; উন্নতি বিধান পরিষদ।
গ্রীক দার্শনিক প্লাতো ( Plato ) যে স্থানে শিক্ষাদান করিতেন তাহার নাম ছিল আকাদেমী। প্লাতো যে স্থানে শিক্ষাদান করিতেন তাহা প্রথমে একটি ব্যায়াম শালা ছিল এবং বীর আকাদেমাস ( Academus ) সেই স্থানে ব্যায়াম করিতেন। উক্ত বীরের নাম অনুসারে স্থানের ঐরূপ নামকরণ করা হয়।

Acategoramatic ( অ্যাক্যাটেগোরেম্যাটিক্ ) — ( যুঃ ) — অপদ-যোগ্য।

—word ( — ওয়ার্ড ) ( যুঃ ) অপদ-যোগ্য শব্দ। যে শব্দ যৌক্তিক বাক্যের ( Proposition ) অন্তর্গত পদ ( Term ) হইবার যোগ্য নয়, তাকে অপদ-যোগ্য শব্দ বলে। যেমন, বিস্ময়সূচক অব্যয়, সম্বন্ধপদ প্রভৃতি।

Acceptance ( অ্যাক্সেপট্যান্স ) — ( মঃ ) গ্রহণ, ইঙ্গিত কৃত ধারণা, অবধারণ। বিকৃত বা অস্বভাবী মনোবিদ্যার পারিভাষিক অর্থে ইহা বিকৃত মস্তিষ্কের নিরাময়ের পদ্ধতি বিশেষের অঙ্গ বিশেষ।

Accessory ( অ্যাক্সেসরি ) — আনুষঙ্গিক।

Accidens ( অ্যাক্সিডেন্স ) } ( যুঃ ) অবান্তর গুণ।
Accident ( অ্যাক্সিডেন্ট ) } — লক্ষণ।

অপ্রধান গুণ, আপতন, যে গুণের নিজস্ব কোন অস্তিত্ব নাই। যে গুণ কোন যৌক্তিক বাক্যের ( proposition ) উদ্দেশ্য পদের জাত্যর্থের (Connotation) অন্তর্ভুক্ত নয় বা উহা হইতে অনুমিত হয় না, তাহাকে ঐ পদের Accidens বা Accident বলে।

Accident ( অ্যাকসিডেন্ট ) — ( মঃ ) আপতন, দুর্ঘটনা, আপদ,
— Proneness ( — প্রোন্নেস ) — ( মঃ ) আপদ প্রবণতা।

Accidental ( অ্যাক্সিডেন্ট্যাল )—অবান্তর, আপতনিক, আপতিক।

—Definition ( —ডেফিনিশান্ ) — ( যুঃ ) অবান্তর সংজ্ঞা। যে সংজ্ঞায় অবিযোজ্য অবান্তর লক্ষণ ( Inseparable accident ) উল্লেখ করা হয় তাহাকে অবান্তর সংজ্ঞা বলে।

—Errors ( — এররস্ ) — (মঃ) আপতনিক ভ্রম, আপতিক ভ্রম।

Accidentalism ( অ্যাক্সিডেন্ট্যালিজ্ম্ ) — (দঃ) আপতনিক বাদ। জগতের কতকগুলি ঘটনা অনির্ণণীয় এইরূপ মতবাদ।

Accommodation ( অ্যাকমডেশান্ ) — উপযোজন।

Accomplishment ( অ্যাকম্প্লিশ্মেন্ট্ ) — (মঃ) সমুপদন, অর্জন।

—Quotient ( —কোশ্ন্ট ) — সম্পাদন মাত্রা।

মানসিক পরখে কোন ব্যক্তি বিশেষের সম্পাদনের ( সাধারনতঃ শিক্ষা সংক্রান্ত ) পরিমাণ ও প্রকৃত বয়সের অনুপাতকে সম্পাদন মাত্রা বলা হয়। সম্পাদন বয়সকে প্রকৃত বয়স দ্বারা ভাগ করিয়া সম্পাদন মাত্রা নির্ণয় করা হয়।

—Test ( টেষ্ট ) ( মঃ ) সম্পাদন পরখ।

এই পরখের মাধ্যমে কোনা ব্যক্তি বিশেষের সম্পাদন বা অর্জন ( বিশেষ করিয়া শিক্ষা সংক্রান্ত ) পরিমাণ করা হয়।

Accalturation ( অ্যাকাল্চারেশন্ ) —কৃষ্টি ভুক্তি।

Accphaly ( অ্যাসিফ্যালী )— মস্তক হীনতা।

Achievement ( অ্যাচীভ্মেন্ট ) — সম্পাদন, অর্জন, অর্জিত সামর্থ্য।

—motive ( মোটিভ ) — ( মঃ ) সম্পাদন উদ্দেশ্য।

Achievement quotient ( অ্যাচীভমেন্ট কোশন্ট্ ) — সম্পাদন মাত্র। Achievement Quotient দ্রষ্টব্য।

—test (—টেষ্ট) —(মঃ) সম্পাদক পরখ। Accomplishment test দ্রষ্টব্য।

Achromatic ( অ্যাক্রোম্যাটিক ) — ( মঃ ) অবর্ণ, বর্ণহীন, ; কাল, ধূসর, সাদা—এই তিনটি বর্ণ বা রঙকে মনোবিদ্যার দিক হইতে বর্ণহীন বলা হয়, কারণ এগুলির মধ্যে বর্ণানীর বর্ণের অভাব থাকে।

Achromatism ( অ্যাক্রোম্যাটিজম ) — ( মঃ ) পূর্ণ বর্ণান্নুতা।

Achromatopsia ( অ্যাক্রোম্যাটপসিয়া ) — ( মঃ ) পূর্ণ-বর্ণান্ধতা।

Achilles argument ( একিলিস আর্গিউমেন্ট )— (দঃ) একিলেসের যুক্তি। গতির সম্ভাবনার বিরুদ্ধে যুক্তি। গতির সম্ভাবনার বিরুদ্ধে ব্যবহৃত

জেনোর ( zeno ) যুক্তি। জেনো সর্বাপেক্ষা দ্রুতগতি সম্পন্ন বীর একিলিস ও খুবই মন্থর গতি কচ্ছপের দৌড় প্রতিযোগিতা বিশ্লেষণ করিয়া দেখাইয়াছেন যে গতি সম্ভব নয়।

Acosmism ( অ্যাকজমিজ্‌ম ) — ( দঃ ) জগৎ মিথ্যাবাদ, মায়াবাদ। এই মত অনুসারে বাহিরের বস্তু-জগতের সত্যকার কোন অস্তিত্ব নাই ; বস্তু-জগৎ সত্য নয়, মায়া মাত্র।

Acquired ( অ্যাকুয়ার্‌ড্‌ ) — অভিজ্ঞতা-অর্জিত ; অর্জিত।

— Character ( ক্যারেক্টার ) — ( মঃ ) অর্জিত-গুণ, অর্জিত ধর্ম। যে গুণ নিজের জীবদ্দশায় অর্জিত, জন্মগত বা উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত নয়, তাহাই অর্জিতগুণ।

Acquistiveness ( অ্যাকুইজিটিভনেস্‌ ) — সঞ্চয় বৃত্তি।

Acro ( অ্যাক্রো ) — ( গ্রীক-উপপদ ) — আধিক্য।

— aesthesia ( — য়্যাস্‌থেসিয়া ) — ( মঃ ) বেদনাধিক্য।

— amatic ( — য়াম্যাটিক ) — (দঃ) গোপনীয় শিক্ষা ; মৌখিক ভাষণ। বিশেষভাবে মরমী শিক্ষা সম্বন্ধে।

— megaly ( — মেগালি ) — (মঃ) অতিবৃদ্ধি।

Act ( অ্যাক্‌ট্‌ ) — (মঃ) কার্য, ক্রিয়া।

— psychology ( — সাইকলজি ) — (মঃ) ক্রিয়া মনোবিদ্যা।

মনোবিজ্ঞানী ব্রেনটানোর ( Brentano ) মতবাদ। এই মতবাদ অনুসারে মনোবিদ্যার বিষয় বস্তু হইল মানসিক ক্রিয়া বা প্রক্রিয়াকে বিশ্লেষণ করা। ইহা অ্যাড্রিন্যাল গ্রন্থির বহিরাবরণ উত্তেজক হরমোন বা গ্রন্থিরস। তদানীন্তন বিখ্যাত মনোবিজ্ঞানী ভুন্‌ড্‌টের ( wunddt ) মতবাদের বিরোধী।

Acth (অ্যাক্‌থ্‌ বা এ সি টি এইচ) — Adreno cortico tropic hormone-এর সংক্ষেপ।

Action (অ্যাকশন) — (মঃ) ক্রিয়া।

— Automatic (— অটোম্যাটিক্) — (মঃ) শারীর ক্রিয়া, স্বতঃক্রিয়া।
দৈহিক যন্ত্রগুলির আভ্যন্তরীণ ক্রিয়াগুলিকে শারীর ক্রিয়া বা স্বতঃ ক্রিয়া বলা হয়; যেমন—রক্ত চলাচল, শ্বাস-প্রশ্বাস, পরিপাক, মল নিঃসরণ প্রভৃতি। এই ক্রিয়াগুলি দৈহিক যন্ত্রগুলির দ্বারা স্বতঃ স্ফূর্তভাবে সম্পন্ন হইয়া থাকে এবং স্বভাবতঃ জীবের ইচ্ছা অনিচ্ছার উপর নির্ভর করে না।

— Currents (— কারেন্টস্) — (মঃ) ক্রিয়া তড়িৎ।
স্নায়ুতন্তু বা পেশীতন্তুর মধ্য দিয়া উদ্দীপক চলাচলের সময় যে তড়িৎ উৎপন্ন হয় তাহাকে ক্রিয়া তড়িৎ বলে।

—, Ideomotor (—, ইডিওমটর) — (মঃ) ভাবক ক্রিয়া।
যে ক্রিয়া উহার ভাব বা চিন্তা হইতে স্বতঃ বৃত্তভাবে উৎপন্ন হয় তাহাই ভাবজ-ক্রিয়া। যেমন, কেহ পড়িয়া যাইবে এইরূপ আশঙ্কা করিতে করিতে সত্য সত্যই পড়িয়া যায়।

—, Instinctive (অ্যাকশন, ইন্‌স্টিংটিভ) — (মঃ) সহজাত ক্রিয়া।
যে জটিল ক্রিয়া একই শ্রেণীতে প্রত্যেক প্রাণীতে একই প্রকারে বর্তমান ও অজ্ঞাতসারে আত্মরক্ষা বা বংশ বিস্তারে সাহায্য করে তাহাকে সহজাত ক্রিয়া বলে। যেমন, পাখীর বাসা তৈয়ার করা।

—, Reflex (—, রীফ্লেক্স্) — (মঃ) অনুক্রিয়া, প্রতিবর্ত ক্রিয়া সম্পূর্ণভাবে অনৈচ্ছিক যে সরল বা একক ক্রিয়া উদ্দীপক উপস্থিত হওয়া মাত্র ঘটে তাহাকে অনুক্রিয়া বা প্রতিবর্ত ক্রিয়া বলে। যেমন আগুনের সহিত হাতের সংস্পর্শ হইতেই হাত সরাইয়া লওয়া।

—, Voluntary ( —, ভোলান্ট্যারি ) — (মঃ) ঐচ্ছিক ক্রিয়া।

স্বাধীন ইচ্ছা হইতে যে ক্রিয়া সম্পন্ন হয়, যাহা কর্তার নিজ ইচ্ছার দ্বারা নিয়ন্ত্রিত এবং যাহা কোন উদ্দেশ্য লাভের জন্য সজ্ঞান ভাবে সম্পন্ন করা হয়, তাহাকে ঐচ্ছিক ক্রিয়া বলে।

Active ( অ্যাকটিভ্ ) — ক্রিয়াশীল।

—Theraphy ( — থেরাপী ) — (মঃ) ক্রিয়াশীল চিকিৎসা, মনোসমীক্ষণের নির্দেশদানকারী পদ্ধতি। এই পদ্ধতির দ্বারা রোগীর নিজের সৃষ্ট বাধা অতিক্রম করিয়া তাহার অচেতন মনের দ্বন্দ্ব প্রকাশের মাধ্যমে অল্প সময়েই নিরসন করা যায়।

Activism ( অ্যাকটিভিজ্ম্ ) — (দঃ) সক্রিয়বাদ, ক্রিয়াবাদ।

যে দার্শনিক মতবাদে ক্রিয়াকে, বিশেষ ভাবের-অধ্যাত্ম ক্রিয়াকে পরমের সত্তা হিসাবে ধরা হয়, তাহাকে ক্রিয়াবাদ বলে।

Activity ( অ্যাক্টিভিটি ) — (মঃ) কার্যকলাপ, ক্রিয়াকলাপ।

— cage ( — কেজ ) — (মঃ) ক্রিয়াকলাপ লিপিবদ্ধকারী পিঞ্জর।

Actual ( অ্যাকচুয়্যাল ) — প্রকৃত, বাস্তব।

Actuality ( অ্যাকচুয়্যালিটি ) — বাস্তবতা।

Actus purus ( অ্যাক্টাস্ পিউরাস্ ) — শুদ্ধক্রিয়া, অবিমিশ্র ক্রিয়া।

ইহা একটি দার্শনিক মতবাদ। এই মতে ক্রিয়ায় বিশেষ করিয়া আধ্যাত্মিক ক্রিয়ায় বস্তুর মূল সত্তা নিহিত। দর্শনের ইতি-হাসে প্রাচীন গ্রীক দার্শনিক আরিস্টটলের ঈশ সত্তার ধারণায় এই শুদ্ধ ক্রিয়ার অবতারণা প্রথম দেখা যায়। পরবর্তীকালে স্কলাসটিক চিন্তায় ( পণ্ডিতী বিচার-বাদে ) এই মতবাদ বহুল প্রচার লাভ করে ও লিবনিজ, ফিকটে প্রমুখ আধুনিক ভাববাদী দার্শনিকদের মধ্যে ও এই মতবাদের প্রভাব দেখা যায়।

Acuity ( অ্যাকুইটি ) — (মঃ) সূক্ষ্মতা।

—, visual ( —, ভিস্যুয়্যাল ) — (মঃ) দৃষ্টি সূক্ষ্মতা।

Acute Hallucinosis ( অ্যাকিউট্ হ্যালিউসিনসিস্ ) — (মঃ) চরম বিভ্রান্তি-বাতিক। Hallucinosis দ্রষ্টব্য।

Ad ( অ্যাড ) — ( লাতিন উপপদ ) দিকে, সন্নিকটে।

Ad hoc ( Argument ) ( অ্যাড হক্ ) — ব্যাখ্যার জন্য ব্যবহৃত দ্ব্যর্থ বোধক উক্তি।

Adab ( আদাব ) — ( আরবী ) ব্যবহার, ভদ্রতা, উৎকর্ষ।

Adaptation ( অ্যাড্যাপটেশন ) অভিযোজন।

—, dark ( —, ডার্ক ) — (মঃ) অন্ধকার অভিযোজন।
Dark Adaptation দ্রষ্টব্য।

Adaptive ( অ্যাডাপ্‌টিভ ) — (মঃ) অভিযোজিত, অভিযোজন।

— behaviour ( — বিহেভিয়ার ) — (মঃ) অভিযোগ ক্রিয়া, — আচরণ।

Adaptometer ( অ্যাড্যাপ্‌টোমিটার ) — (মঃ) অভিযোজন পরিমাপক। আলোকের মাত্রায় তারতম্যের সহিত চক্ষুর তারকা প্রভৃতিতে যে পরিবর্তন হয়, তাহা পরিমাপ করার যন্ত্র।

Additive mixture ( অ্যাডিটিভ মিক্‌স্‌চার ) — যোগকারী মিশ্রণ, বর্ধনকারী মিশ্রণ।

Adeism ( অ্যাডিইজ্‌ম্ ) — অদেববাদ।
প্রাচীন ভারতের দেবতাদের অস্তিত্বে অবিশ্বাসমূলক মতবাদ। ম্যাক্‌সমূলার (MaxMuller) প্রথমে এই শব্দের ব্যবহার করেন।

Adequate ( অ্যাডিকোয়েট্ ) — পর্যাপ্ত।

— Stimulus ( — স্টিমিউলাস্ ) —পর্যাপ্ত উদ্দীপক। Stimulus দ্রষ্টব্য।

Adequation ( অ্যাডিকোয়েশ্‌ন্ ) — পর্যাপ্ততা ; পরীক্ষা প্রয়োগের পর্যাপ্ততা ।
টমাস অ্যাকুইনাসের ( Thomas Aquinas ) মতে সত্যের সহিত সত্তার সম্বন্ধকে পর্যাপ্ততা বলা হয় ।

Adhan ( Azan — আযান ) — ( আরবী ) আযান ; জামাআতে নামাজের ( সমবেত উপাসনা ) জন্য আহ্বান ।

Adiaphora ( অ্যাডিয়্যাফোরা ) — (নীঃ) নিরপেক্ষ (গ্রীক) ।
নীতিবিদ্যার দিক দিয়া যাহা নিরপেক্ষ, ভালও নয় মন্দও নয় তাহাকে নিরপেক্ষ বলা হয়। গ্রীক স্টোইক (stoic) দার্শনিক গেবন সর্ব প্রথম এই শব্দ ব্যবহার করেন ।

Adjusted learning ( অ্যাডজাস্টেড লারনিং ) — (মঃ) উপযোজিত শিক্ষা ।

Adjustment ( অ্যাডজাস্ট্‌মেন্ট্ ) — (মঃ) উপযোজন ।

Adolescence ( অ্যাডোলেসেন্স ) — ( মঃ ) নবযৌবন, বয়ো-সন্ধিক্ষণ, কৈশোর ।
বাল্য-যৌবনের মধ্যবর্তী কালকে নবযৌবন বা কৈশোর বলা হয় ।

Adolescent (অ্যাডোলেসেন্ট )— (মঃ) নবযুবক, কিশোর ।

Adoptionism ( অ্যাডপশানিজ্‌ম্ ) — পোষ্যতাবাদ ।
খ্রীস্টান মতবাদ বিশেষ। এই মতবাদ অনুসারে যীশুখ্রীস্ট মানুষ হিসাবে ঈশ্বরের পোষ্য সন্তান। অষ্টম শতাব্দীতে স্পেনে এই মতবাদ প্রাধান্য লাভ করে ।

Adrenal Gland ( অ্যাড্রিন্যাল গ্ল্যাণ্ড ) — (মঃ) অ্যাড্রিন্যাল গ্রন্থি ।

Adrenaline ( অ্যাড্রিন্যালিন ) — (মঃ) অ্যাড্রিন্যাল গ্রন্থিরস ।

Adrenocorticotropic ( অ্যাড্রিনোকরটিকোট্রপিক ) — (মঃ) অ্যাড্রিন্যাল গ্রন্থির বহিরাবরণ উত্তেজক ।

— hormone ( — হরমোন ) — (মঃ) — গ্রন্থিরস ।

Adult ( অ্যাডাল্ট ) — (মঃ) প্রাপ্তবয়স্ক, পূর্ণ যুবক ।

দেশ ও আবহাওয়া ভেদে ১৮ হইতে ২৫ বৎসর বয়স্ক লোককে প্রাপ্ত বয়স্ক বলা হয় ।

Adventitious Idea ( অ্যাডভেন্টিশাস্ আইডিয়া ) — (দঃ, মঃ) আকস্মিক ধারণা, বহিরাগত ধারণা ।

যে ধারণা সহজাত (Innate) নয়, তাহাকে আকস্মিক বা বহিরাগত ধারণা বলা হয় ।

Aeon, Eon ( ঈয়ন ) — যুগ, অনন্তকাল ।

Aequilibrium Indifferentiae ( ঈকুইলিব্রিয়াম্ ইনডিফারেনশিই ) — নিশ্চিত, পূর্ণসাম্য । ( লাতিন )

সমপ্রবর্তনা সম্পন্ন দুইটি কার্যের মধ্যে পূর্ণ সমতাকে পূর্ণসাম্য বা নিশ্চিত সাম্য বলা হয় । টমাস অ্যাকুইনাসের ( Thomas Aquinas ) দর্শন ।

Aesthesiometer ( অ্যাসথেসিওমিটার ) — (মঃ) স্পর্শ পরিমাপক ।

Aesthete ( ঈসথেট্ ) — কান্তিমন্য ।

Aesthetic ( ঈস্থেটিক ) — কান্ত ; কান্তি বিষয়ক, সৌন্দর্য বিষয়ক ।

— Attitude ( —অ্যাটিচিউড ) — কান্ত-ভাব ।

— Judgement ( — জাজমেণ্ট্ ) — কান্তি বিচার ; কান্তি বিষয়ক বক্তব্য বা বাক্য ।

— Pleasure ( — প্লেজার ) — কান্ত-তৃপ্তি ।

— Sentiment ( — সেন্টিমেণ্ট ) — কান্তরস ।

Aesthetics ( ঈস্থেটিকস্ ) — কান্তি বিদ্যা ; সৌন্দর্যতত্ত্ব, রুচি বিজ্ঞান ।

কান্তি, সৌন্দর্য বা রুচি সম্পর্কিত বৈজ্ঞানিক আলোচনা মূলক বিদ্যাকে কান্তি বিদ্যা বলে ।

Aetiology ( ঈটিয়লজি ) — কারণ নির্দেশ, নিদান, হেতু বিজ্ঞান ।

Aeviternity ( ঈভিটারনিটি ) — (দঃ) একক অনন্তকাল।

অনন্ত কালকে সময়ের স্রোত হিসাবে না দেখিয়া একক হিসাবে দেখা।

Afaq ( আফাক ) — ( আরবী ) — আকাশ, শূন্য।

Affect ( অ্যাফেক্‌ট্‌ ) — (মঃ) (১) ক্রিয়াপদে — প্রভাব বিস্তার করা; অভিভূত করা। (২) বিশেষ্যে — প্রভাব, অভিভূতি।

Affection ( অ্যাফেক্‌শন্‌ )—(মঃ) আবেগ; অনুভূতি; (সাধারণ অর্থে) স্নেহ।

Affective ( অ্যাফেক্‌টিভ ) — (মঃ) আবেগ সম্বন্ধীয়, অনুভূতি সম্বন্ধীয়।

— Process ( — প্রসেস ) — (মঃ) অনুভূতি প্রক্রিয়া।

Affectivity ( অ্যাফেক্‌টিভিটি ) — (মঃ) অনুভূতি প্রবণতা।

Afferent ( অ্যাফারেণ্ট ) — (মঃ) অন্তর্মুখ।

— Impulse ( — ইম্‌পালস্‌ ) (মঃ) অন্তর্মুখ সংবেদী প্রবাহ।

— Nerve ( — নার্ভ ) — (মঃ) স্নায়ু।

Affinity ( অ্যাফিনিট ) — সম্পর্ক, সাদৃশ্য।

Affirmation ( অ্যাফারমেশান্‌ ) — অনুমোদন, সমর্থন, সদর্থী করণ।

Affirmative proposition ( অ্যাফারমেটিভ প্রোপোজিশান্‌ ) — ( যুঃ ) সদর্থক বাক্য, অস্তিবাচক বাক্য, ভাববাচক বাক্য।

যে বাক্যে কোন কিছু সম্বন্ধে কোন কিছু স্বীকার করা হয় অর্থাৎ যে বাক্যের উদ্দেশ্য ও বিধেয়ের মধ্যের সম্বন্ধ সদর্থক বা ভাববাচক তাহাকে সদর্থক বাক্য ( Affirmative proposition) বলে; যেমন, মানুষ মরণশীল। সদর্থক বাক্যের বিপরীত হইল নঞর্থক বা নাস্তিবাচক বাক্য (Negative proposition)। Negative proposition দ্রষ্টব্য।

Affirming the consequent ( — কনসিকোয়েন্ট ) — (যু:)-অনুগ-অনুমোদন, অনুগ স্বীকৃতি।

অবরোহ যুক্তির এক প্রকার অনুপপত্তি। প্রাকল্পিক নিরপেক্ষ সহানুমানে (Hypothetical-categorical Syllogism) দ্বিতীয় হেতুবাক্য প্রথম হেতুবাক্যের অনুগকে স্বীকার করিয়া সিদ্ধান্তে উহার পূর্বগকে ( antecedent ) স্বীকার করিলে এইরূপ অনুপপত্তি ( fallacy ) হয়।

Aefortiori ( অ্যাফোরটিওরি ) — আরও ; প্রবলতর যুক্তি সহ ( লাতিন বাক্যাংশ )।

After image ( আফ্‌টার ইমেজ ) — (ম:) অনুবেদন, অনু-প্রতিরূপ।

উদ্দীপক অপসারণের পরে সংবেদনের যে রেশ থাকে তাহাকে অনুবেদন বলা হয়।

—, Negative ( — নেগেটিভ ) — (ম:) অসদৃশ অনুবেদন।

—, Positive ( —, পজিটিভ্‌ ) — (ম:) সদৃশ অনুবেদন।

After-sensation ( — সেন্‌সেশন্‌ ) — (ম:) অনুবেদনা।

Agathobiotic ( অ্যাগ্যাথোবায়েটিক ) — ( নী:) সৎজীবন। ( গ্রীক )

Agathology ( অ্যাগ্যাথোলোজি ) — (নী:) নীতিবিদ্যা, মঙ্গল-বিজ্ঞান, শুভ-বিজ্ঞান ( গ্রীক )।

Age ( এজ ) ( ম: ) বয়স ; জন্ম হইতে দিন, মাস, বৎসর হিসাবে জীবনের পরিধি।

সকল ক্ষেত্রে বয়স অনুপাতে শারীরিক বা মানসিক বৃদ্ধি একরকম হয় না বলিয়া মনোবিজ্ঞানীরা বিভিন্ন রকম বয়সের ধারণা করিয়াছেন, যেমন, ক্রমিক বয়স, শারীর বৃত্ত বয়স, মানসিক বয়স।

Age mates ( — মেট্‌স ) — সমবয়সী।

Agent ( এজেন্ট ) — নিমিত্ত।

Aggregate ( এগ্রিগেট্ ) — সমগ্র, সমষ্টি।

Aggregation ( এগ্রিগেশান্ ) — একত্রী করণ, সমষ্টি করণ।

Aggression ( অ্যাগ্রেসান্ ) — (মঃ) (১) ধ্বংসাত্মক কার্যকলাপ,
(২) আক্রমণ, বিপক্ষতাচরণ।

Agitated melancholia ( অ্যাজিটেটেড্ মেল্যানকোলিয়্যা ) — (মঃ) উদ্বিগ্ন বিষণ্ণতা।

ইহা একপ্রকার মানসিক রোগ। এই রোগে রোগী সকল সময় উদ্বিগ্ন ও বিষণ্ণ থাকে।

Agitolalia ( অ্যাজিটোল্যালিয়া ) — দ্রুত কথন।

ইহা এক প্রকার মানসিক রোগ। এই রোগে রোগী খুব দ্রুত অসংলগ্ন কথা বলে।

Agnoiology ( অ্যাগ্নইওল্জি ) — (দঃ) অজ্ঞেয়তা-বিজ্ঞান।

অজ্ঞেয়তাবাদের ( Agnostieism) পূর্ব বিচারকে অজ্ঞেয়তা-বিজ্ঞান বলা হয়। Agnosticism দ্রষ্টব্য।

Agnosia ( অ্যাগ্নসিয়া ) – (মঃ) পূর্ব-পরিচিতি-হানি।

ইহা এক প্রকার মানসিক ব্যাধি। ইহাতে পূর্বপরিচিত দ্রব্য বা স্থানের স্মৃতি নষ্ট হইয়া যায়।

Agnosticism ( অ্যাগ্নস্টিসিজ্ম্ ) — (দঃ) অজ্ঞেয়তাবাদ।

এই মতবাদ ইন্দ্রিয় সমূহের প্রত্যক্ষ অনুভূতি দ্বারা লব্ধ জ্ঞানের কার্যকারিতা অস্বীকার করে। এই মতবাদ অনুসারে মানুষ কোন বস্তুর কেবল গুণসমূহ অথবা বাহিরের দিকটাই জানিতে পারে; বস্তুটিকে সমগ্রভাবে, অর্থাৎ প্রকৃত বস্তুটিকে জানিতে পারে না।

Agnosy ( অ্যাগনোসি ) — (দঃ) অজ্ঞানতা।

Agoraphobia ( অ্যাগোরাফোবিয়া ) — (মঃ) মুক্ত স্থান আতঙ্ক।

এই রোগে রোগী মুক্ত স্থানে যাইতে চাহে না, মুক্ত স্থানে গেলে আতঙ্কিত হইয়া উঠে।

Agreement ( এগ্রিমেণ্ট্ ) — অন্বয় ; ঐক্য। [ সাধারণ অর্থে চুক্তি। ]

Agreement, method of ( —, মেথড্ অব ) — (যুঃ) অন্বয়ী পদ্ধতি।

কার্য-কারণ সম্বন্ধ নির্ণয়ের এক প্রকার পদ্ধতি।

যুক্তিবিদ্ মিল ( Mill ) অন্বয়ী পদ্ধতির নিম্নরূপ সূত্র দিয়াছেন : অনুসন্ধেয় ঘটনার দুই বা ততোধিক দৃষ্টান্তে যদি কেবল একটি সংশ্লিষ্ট বিষয়েই সাধারণ হয়, তাহা হইলে সেই সংশ্লিষ্ট বিষয়টিই অনুসন্ধেয় ঘটনার কারণ ( বা কার্য )।

Ahli Hadith ( আহলি হদীস ) — আহলি হদীস, হদীসের অনুসারী।

মুসলমানদের একটি সম্প্রদায় বা মতবাদ আহলি হদীস নামে খ্যাত। এই সম্প্রদায় ব্যবহারিক জীবনে হদীসের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। পরবর্তীকালের মুসলিম ব্যবহারিক আইন শাস্ত্র ( ফিকাহ্ ) এই মতবাদ অনুসারে গ্রহণ যোগ্য নয়।

আহলি হদীস সম্প্রদায় মুহাম্মদী, ওয়াহ্হাবী ও লা-মাযহাবী নামেও পরিচিত।

—Haqq ( —আহল্-ই হাক্ক্ ) — আহলি হাক্ক্।

পারস্যের সূফী সম্প্রদায় বিশেষ।

Ahmad Sarkhas ( অহ্মাদ সারখাস ) — আহমদ সারখাস।

আহমদ সারখাস ফালসফো মতবাদের একজন দার্শনিক। তিনি ফালসফো মতবাদের প্রবর্তক আল-কিন্দীর শিষ্য ছিলেন।

Ahmad Sirhindi ( আহ্মাদ সিরহিন্দী ) — আহ্মদ সিরহিন্দী।

শায়্খ আহমাদ সিরহিন্দী মুজাদ্দিদ্-ই আল্ফ্-ই সানী। আখ্যায় অধিক পরিচিত। তিনি সূফীবাদের নূতন ব্যাখ্যা প্রদান করেন ও মুসলিম সমাজে নূতন ধর্মীয় চেতনা আনয়ন করেন।

Ahmad ibn Hait ( আহ্মাদ ইবন হাইত ) — আহ্মাদ ইবন হাইত।

ইবন হাইত মুতাযিলা মতবাদের অভ্যুদয়ের মধ্যযুগের একজন প্রধান চিন্তাবিদ। তিনি প্রসিদ্ধ মুতাযিলা দার্শনিক আন্-নীয্-যামের শিষ্য ছিলেন ও তাঁহার চিন্তাধারা অনুসরণ করেন।

Ahmad ibn Hanbal (আহ্মাদ ইবন হাম্বাল) — আহমাদ ইবন হামবাল।

মুসলিম ব্যবহারিক আইন শাস্ত্রের ( ফিকাহ্ ) একটি মতবাদের প্রবর্তক। তাঁহার অনুসারীদিগকে হামবালী বলা হয়।

Ahriman ( আহ্রিমান ) — আহরিমান, অশুভ শক্তি, অমঙ্গল শক্তি।

পারসী যোরো-আস্তারের ধর্মমতে জগতে চিরন্তন ভাবে শুভ ও অশুভ শক্তির, মঙ্গল ও অমঙ্গল শক্তির মধ্যে সংঘর্ষ চলিতেছে। অবশ্য পরিশেষে শুভ শক্তির জয় হইবে।

Ahura Mazda ( আহুরা মায্দা ) — আহুরা মায্দা, শুভ শক্তি।

পারসী যোরো-আস্তারের ধর্মমতে শুভ শক্তি বা মঙ্গল শক্তি।

Akinesis ( অ্যাকাই নেসিস্ ) — (মঃ) চলৎ শক্তি হীনতা।

Al-Ashari ( আল্ আশ'আরী ) — আল-আশ্'আরী ;

Abul Hasan Ali al-Ash'ari দ্রষ্টব্য।

Al-Aufi ( al-Awfi — আল্ আউফী ) — আল-আউফী।

ইখ্ওয়ানুস্ সাফা সম্প্রদায়ের একজন প্রধাম দার্শনিক।

Ikhwanu's-Safa দ্রষ্টব্য।

Al-Azhar ( আল্-আয্হার ) — আল্-আযহার।

মিশরের বিখ্যাত বিশ্ববিদ্যালয়।

Al-Baqillani ( Al-Baqilani আল্ বাকিল্লানী ) আল বাকিল্লানী ;

Abu Bakr al-Baqullani দ্রষ্টব্য।

Al-bertist ( আল বারটিস্ট্ ) — আল্ বার্টীয়।

Al-bertist বলিতে আল বার্টাস ম্যাগনাসের ( Al-bertus Magnus ) শিষ্য-সাগরেদ, বিশেষ ভাবে খ্রীস্টীয় পঞ্চদশ ও ষষ্ঠদশ শতাব্দীর কোলোন বিশ্ববিদ্যালয়ের ( Cologne University ) একদল দার্শনিককে বুঝায়।

Al-bertus Magnus ( আল বারটাস ম্যাগনাস্ ) — আল বার্টাস্ ম্যাগনাস।

আল বারটাস ম্যাগনাস (Al-bertus Magnus — ১১৯৩ — ১২৮০ খ্রীঃ) খ্রীস্টীয় ত্রয়োদশ শতাব্দীর একজন ধর্মতত্ত্ববিদ ও দার্শনিক ছিলেন। তিনি প্রথমে প্যারিসের বিশ্ববিদ্যালয়ে ধর্মতত্ত্বের অধ্যাপক ছিলেন। পরে তিনি কোলোন ( Cologne ) বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেন। এই সময়ে সেন্ট টমাস অ্যাকুইনাস ( St. Thomas Aquinas ) তাঁহার ছাত্র ও সহকর্মী ছিলেন। পরবর্তী জীবনে তিনি অধ্যাপনা ও পাদরীগিরি হইতে অবসর গ্রহণ করিয়া ধর্ম ও দর্শন চর্চায় মনোনিবেশ করেন।

Al-Busti ( আল্ বুসতী ) — আল্-বুস্তী।

ইখ্‌ওয়ানুসসাফা সম্প্রদায়ের একজন প্রধান ছিলেন।

Ikhwanus Safa দ্রষ্টব্য।

Alchemi ( আল্ কেমী ) — আল্ কেমী, রসায়ন শাস্ত্র।

প্রাচীন রসায়নবিদের ধারণা ছিল যে সাধারণ ধাতুকে স্বর্ণে রূপান্তরিত করা যায়। সেইজন্য আলকেমীকে কেহ কেহ 'স্বর্ণ প্রস্তুত বিদ্যা' বলেন।

Alcoholic ( অ্যাল্ কোহলিক্ ) — অ্যাল কোহলীয়; মদ্য সংক্রান্ত।

Alexander, Samuel (অ্যালেকজ্যাণ্ডার স্যামুয়েল) — স্যামুয়েল আলেকজাণ্ডার।

স্যামুয়েল আলেকজাণ্ডার ( ১৮৫৯-১৯৩৮ খ্রীঃ ) বর্তমান কালের একজন শক্তিশালী নব্য বাস্তববাদী ( Neo-Realist ) দার্শনিক ছিলেন। তাঁহার লিখিত প্রবন্ধ ও পুস্তকগুলির মধ্যে 'Space Time and Deity' সমধিক প্রসিদ্ধ।

Alexandrian School ( অ্যালেকজ্যানড্রিয়ান স্কুল ) — (দঃ) আলেকজ্যান্দ্রীয় মতবাদ।

খ্রীস্টীয় প্রথম হইতে চতুর্থ শতাব্দী পর্যন্ত আলেকজ্যান্দ্রীয়াতে যে সকল ধর্মীয় দার্শনিক মতবাদ গড়িয়া উঠে তাহাদের সমষ্টিগত নাম। এই মতবাদের প্রধান চারিটি অংশ ছিল; যেমন: (১) নব্য-পীথাগোরীয় বাদ; (২) ইহুদী-প্লাতোবাদ, (৩) খ্রীস্টান-প্লাতোবাদ ও (৪) নব্য প্লাতোবাদ। এই সকল মতবাদের সর্ব প্রধান প্রচেষ্টা ছিল প্রাচ্য ধর্মগুলির সহিত গ্রীক দর্শনের সমন্বয় সাধন করা।

Alexandrists ( আলেকজ্যান্ড্রিস্টস্ ) — আলেকজ্যান্দ্রীয়।

খ্রীস্টয় পঞ্চদশ ও ষষ্ঠদশ শতাব্দীতে ইতালীতে আরিস্তোতলের অনুসারী দার্শনিকদের সমষ্টিগত নাম। তাঁহারা অ্যাফ্রোডিসিয়াসের (Aphrodesias) আলেকজাণ্ডার কর্তৃক লিখিত আরিস্তোতলের ব্যাখ্যা অনুসরণ করিয়া তাঁহাদের মতবাদ গড়িয়া তোলেন। এই জন্যই এইরূপ নামকরণ হইয়াছে।

Alexia ( অ্যালেক্সিয়া ) – ( মঃ ) পাঠ অক্ষমতা।

মানসিক রোগ বিশেষ। ইহাতে রোগী পড়িতে অক্ষম হয়।

Al-Farabi ( আলফারাবী ) — আল-ফারাবী;

আলফারাবী ফালাসিফা দলের একজন প্রধান দার্শনিক ছিলেন। তিনি সর্বপ্রথম মুসলিম জগতে আরিস্তোতলীয় যুক্তিবিদ্যার প্রচলন করেন। তিনি তাঁহার পূর্ব-সূরী আলকিনদি কর্তৃক প্রবর্তিত আরিস্তোতলীয় দর্শনের উন্নতি সাধনও করেন। পরবর্তী-কালে তিনি দ্বিতীয় আরিস্তোতল বা দ্বিতীয় উস্তাদ ( উস্তাদুস্সানী ) নামে পরিচিত হন।

আলফারাবীর পূর্ণ নাম ছিল আবু নসূর ইবন মুহম্মদ ইবন তুরখান ইবন উজ্লাগ আল্ফারাবী। তিনি ৯৫০ খ্রীস্টাব্দে ইন্তিকাল করেন।

Algebra of Logic (আল্‌জেব্‌রা অব লজিক) — (যুঃ) যুক্তিবিদ্যার বীজগণিত।

Algebraization (অ্যাল্‌জেব্রাইযেশন) — বীজগণিতিকরণ।

Algedonic (অ্যালজেডোনিক্‌) — সুখ-দুঃখ বোধ (গ্রীক)

Algesia (অ্যালজেসিয়া) — বেদনশীলতা। বেদনা উপলব্ধি করার ক্ষমতা।

Al-Ghazali (Al-Ghazzali) — অল্‌ গাযালী, ইমাম গাযালী।

ইমাম আবু হামিদ মুহাম্মদ আল গাযালী (১০৫৯-১১১১ খ্রীঃ) মুসলিম জগতের প্রধান মনীষীদের মধ্যে অন্যতম। মুসলিম জীবন-দর্শনের তিনি যে-রূপ দান করিয়াছেন, তাহা আজও পর্যন্ত অনবদ্য। তাঁহার লিখিত পুস্তকগুলির মধ্যে আরবী 'ইহ্‌য়া উলুমুদ্দীন' ও ফরাসী 'কিমায়ই সাআদাত' সমধিক প্রসিদ্ধ।

ইমাম গাযালী তদানীন্তন মুসলিম সমাজে যে-সকল বিভিন্ন মতবাদ প্রচলিত ছিল, তাঁহাদের মধ্যে একটি সুষ্ঠু সমন্বয় সাধন করেন। তাঁহারই প্রচেষ্টায় সুফী মতবাদ ইসলামের ধর্মীয় অংশ হিসাবে পরিগণিত হয়। চিন্তার বিভিন্ন ক্ষেত্রে তিনি যে-সকল ভাবধারা প্রচার করিয়াছেন, তাহার প্রতিধ্বনি বর্তমান দার্শনিকদের মধ্যে পাওয়া যাইতেছে।

Algometer (অ্যাল্‌গোমিটার) — (মঃ) বেদনা পরিমাপক।

এই যন্ত্রের সাহায্যে ত্বকে স্পর্শজনিত বেদনার পরিমাণ করা হয়।

Algophobia (অ্যাল্‌গোফোবিয়া) — (মঃ) বেদনাতঙ্ক।

এই রোগে যে-কোন সামান্য বেদনাতে রোগী খুব আতঙ্কিত হইয়া উঠে।

Al-Hallaj (আল-হাল্লাজ) — আল-হাল্লাজ।

আল-হাল্লাজ খ্রীস্টীয় নবম শতাব্দীর একজন প্রধান দার্শনিক ও সূফী ছিলেন। তাঁহার পূর্ণ নাম ছিল হুসায়ন্‌ বিন মন্‌সুর আল-হাল্লাজ।

আল-হাল্লাজ খ্রীস্টীয় নবম শতাব্দীর মধ্যভাগে পারস্যের অন্তর্গত তুর নামক স্থানে জন্মগ্রহণ করেন। তিনি দর্শন ও অন্যান্য বিষয়ে পারদর্শী ছিলেন। পারস্যের বিভিন্ন স্থান, গুজরাট ও মধ্য এশিয়া পরিভ্রমণ করিয়া তিনি বাগদাদে গমন করেন। বাগদাদে তিনি তাঁহার মতবাদের জন্য গোঁড়া মুসলিম সম্প্রদায়ের বিরাগ-ভাজন হন। তিনি ঐশীভাবে বিভোর হইয়া মাঝে মাঝে 'আনাল হাক্ক' (আমিই সত্য, আমিই ঈশ্বর) বলিয়া চীৎকার করিয়া উঠিতেন। গোঁড়া সম্প্রদায়ের প্ররোচনায় খলীফা তাঁহার বিচার করেন ও ৯২২ খ্রীস্টাব্দে ৬৪ বৎসর বয়সে তাঁহার প্রাণদণ্ড হয়।

Al-Hazen (আল্-হাযেন) ইবন্ হাই সাম-এর লাতিন নাম।

Ibn Haytham দ্রষ্টব্য।

Ali, Hazrat (আলী, হয্‌রত্) — হয্‌রত আলী।

হয্‌রত আলী রসুলুল্লাহ হয্‌রত মুহম্মদ (দঃ)-এর পিতৃব্য-পুত্র ও জামাতা ছিলেন। তিনি পরে ইসলামের খলীফা নির্বাচিত হন। প্রায় সকল সূফী সম্প্রদায় তাঁহাকে সূফী মতবাদের আদি গুরু বলিয়া মনে করেন।

Ali Qalandar (— কালান্দার) — আলী কালান্দার।

একজন শক্তিশালী সূফী সাধক। তিনি পারস্যে জন্মগ্রহণ করেন। পরে পাক-ভারতের পানিপথ নামক স্থানে আসিয়া বসবাস করেন।

Alienation (অ্যালিয়েনেশান্) — বিচ্ছেদ করণ।

Alienist (অ্যালিয়েনিস্ট) — (মঃ) উন্মাদ রোগের চিকিৎসক; বিশেষভাবে উন্মাদ রোগের যে চিকিৎসক বিচারালয়ে সাক্ষ্য প্রদান করেন।

Alimentary canal (অ্যালিমেণ্টারি ক্যান্যাল্) — (মঃ) পৌষ্টিকনালী। [খাদ্যনালী, পাকস্থলী, ক্ষুদ্র অন্ত্র, বৃহৎ অন্ত্র, প্রভৃতি পৌষ্টিক নালীর অন্তর্গত।

Al-Jahiz (আল্ জাহীয্) — আল জাহীয্, একজন মুতাযিলা দার্শনিক।

আল্-জাহীয পরবর্তীকালে মুতাযিলা দার্শনিকদের মধ্যে একজন অন্যতম শক্তিশালী দার্শনিক ছিলেন। তাঁহার পূর্ণ নাম ছিল আবু ওসমান আমর্ বিন-বাহার আল-জাহীয। তিনি ৮৬৯ খ্রীস্টাব্দে ইন্তিকাল করেন। তাঁহার পুস্তকগুলির মধ্যে 'কিতাবুল হায়ওয়ান' সমধিক প্রসিদ্ধ।

Al-khaiyat (আল্-খাইয়াত) — আল্-খাইয়াত;

Abul Husayn al Khaiyat দ্রষ্টব্য।

Al-Kindi (আল্-কিন্দী) — আল্ কিন্দী। মুসলিম ফালসাফা মতবাদের প্রবর্তক।

আল্ কিন্দীর পূর্ণ নাম ছিল আবু ইউসুফ ইয়াকুব আল্ কিন্দী। প্রথম জীবনে তিনি মুতাযিলা মতবাদ পোষণ করিতেন। পরবর্তী জীবনে তিনি গ্রীক্ দর্শনের অনুকরণে সাধারণ দর্শন ও মনোবিজ্ঞানের আলোচনা করেন। তাঁহার লিখিত বহু পুস্তক নষ্ট হইয়া গেলেও এখনও কিছু কিছু পাওয়া যায়।

All (অল) — (যুঃ) সকল, সব। [সার্বিক যৌক্তিক বাক্যের চিহ্ন]

Allah (আল্লাহ্) — (আরবী) আল্লাহ্। পরমেশ্বরের আরবী ও ইসলামী নাম।

Allergy (অ্যালার্জি) — অ্যালার্জি, প্রতিক্রিয়া প্রবণতা।

অ্যালার্জিতে বিশেষ কোন খাদ্যবস্তু গ্রহণ করিলে শরীরে কষ্টদায়ক প্রতিক্রিয়া হয় না।

Allgemeingultig (অ্যালগেমেইনগুলটিগ্) — (দঃ) সদাসত্য (জার্মান)।

Alliaceous ( অ্যালাসিয়াস্ ) — ( মঃ ) রসুন-গন্ধী ।

Allo ( অ্যালো ) — ( গ্রীক উপপদ ) অন্য, অপর, স্বাভাবিক হইতে বিচ্যুৎ ।

Allophasia ( অ্যালোফ্যাসিয়া ) — ( মঃ ) বাক-অসংলগ্নতা ।

এই মানসিক রোগে রোগী কথার মধ্যে সংলগ্নতা রাখিতে পারে না, কথা বলিলে অসংলগ্ন কথা বলে ।

Allopsychosis ( অ্যালোসাইকোসিস্ ) — ( মঃ ) পীড়ন-ভ্রান্তি ।

ইহা এক প্রকার মানসিক রোগ । এই রোগে রোগী সব সময় চিন্তা করে যে সকলেই তাহাকে পীড়ন করার চেষ্টা করিতেছে ।

All-or-none-Law ( অল-অর নান-ল ) — ( মঃ ) পূর্ণ ব্যর্থ সূত্র, পূর্ণ বা শূন্য নিয়ম ।

কোন উদ্দীপক কোন স্নায়ু বা স্নায়ু তন্তুকে হয় উদ্দীপ্ত করে না হয় উদ্দীপ্ত করে না । ইহা মনোবিদ্যাপূর্ণ বা ব্যর্থ নিয়ম বলা হয় ।

All-or-none-response ( — রেসপন্স ) — (মঃ) পূর্ণ ব্যর্থ প্রতিক্রিয়া পূর্ণ বা শূন্য প্রতিক্রিয়া ।

কোন স্নায়ুতন্ত উদ্দীপকের সাহায্যে উদ্দীপ্ত হইলে মাঝামাঝি উদ্দীপ্ত হয় না ; পূর্ণভাবেই উদ্দীপ্ত হয় ।

Al manzilu boyna manzilatayn (আল্ মানযিলু বায়না মানযিলাতাইন) — দুই মঞ্জিলের মধ্যবর্তী মঞ্জিল ।

ইহা মুতাযিলা মতবাদের একটি ভিত্তি । মুতাযিলাদের মতে নিকৃষ্ট পাপে পাপী মুসলিমকে মুস্‌লিমও বলা চলে না, আবার কাফিরও বলা চলে না । ঐরূপ পাপী দুই মঞ্জিলের মধ্যবর্তী মঞ্জিলে ।

Al-maturidi ( আল-মাতুরিদী ) — আল-মাতুরিদী ।

Abu mansur Muhommad al-mataridi দ্রষ্টব্য ।

Al-Mohades ( Al-Muwahhidun — আল্ মুও আহ্‌হিদুন ) — আলামো হেড্‌স, আল্ মুও আহহিদুন, একত্ববাদী ।

আল মোহেদ শব্দটি আল্-মুওয়াহ হিত্নন (মুওয়াহ্হিদগণ) শব্দের ইউরোপীয় অপভ্রংশ। মুওয়াহ্হিদ শব্দটির অর্থ হইল একত্ববাদী। ইতিহাসে মুওয়াহ্হিদ বলিতে স্পেনে মাহদী নামে পরিচিত ইবন তুমার্ত-এর অনুসারীদিগকে বুঝায়। ইবন্ তুমার্তের শিষ্য আবদুল মুমেন ও তাঁহার বংশধরগণ প্রায় একশত বৎসর স্পেনে রাজত্ব করেন।

Al- Nahrajuri (An–Nahrajuri — আন্-নাহরা জুরী) — আন্ নাহরা জুরী ইখওয়ানুস্-সাফাদলের একজন প্রধান দার্শনিক। Ikhwanus Safa দ্রষ্টব্য।

Al-Najat (An-Najat আন্ নাজাত) — আন্ নাজাত।

ইবনে সিনা কর্তৃক লিখিত একখানি দার্শনিক পুস্তক। ইহা তাঁহার অশ্ শিফা গ্রন্থের সংক্ষিপ্ত সার।

Al-Nazzam (An-Nazzam আন্-নায্যাম) — আন্-নয্যাম।

হিজরী তৃতীয় শতাব্দীর একজন শক্তি শালী মুতাযিলা চিন্তানায়ক। তাঁহার পূর্ণ নাম ছিল ইবরাহীম বিন সাইয়ার আন্ নাক্‌জাম্ তিনি ২৩১ হিজরীতে ইনতিকাল করেন।

Alogia (অ্যালোজিয়া) — (মঃ) বাকহীনতা।

Alpha movement (আলফা মুভমেণ্ট) — প্রথম গতি।

— tests (— টেস্টস্) — (মঃ) — পরখ, — অভীক্ষা।

ইহা কতক গুলি মানসিক পরখের সমষ্টি। ইহাতে ক্রমশঃ কঠিনতর প্রশ্ন থাকে। এই পরখ প্রথম মহাযুদ্ধের সময় আমেরিকাতে উদ্ভাবিত হইয়াছিল।

Al-Quran (আল্-কুরআন্) — আল্ কুরআন্, শরীফ।

মুসলমানদের প্রধান ধর্মগ্রন্থ। ইহা আল্লাহর বাণী বলিয়া মুসলমানরা বিশ্বাস করেন।

Al-Razes ( আল্-রাজেস্ ) — আর্ রাজী। আবুবকর আর-রাজীর লাতিন নাম। Abu Bakr ar-Razi দ্রষ্টব্য।

Al-Shifa ( Ash-Shifa— আশ্-শিফা ) — আশ্-শিফা।

ইবন্ সিনা কর্তৃক লিখিত একখানি দর্শন পুস্তক। ইহাকে অধিকাংশ সুধী দর্শনের বিশ্বকোষ আখ্যা দেন। ইহা বৃহৎ আঠার খানি খণ্ডে সমাপ্ত।

Al-Tahavi ( At-Tahavi — আত-তাহাবী )— আত-তাহাবী।

আত-তাহাবী মিশরে নব্য কালামের প্রবর্তক। তাঁহার পূর্ণ নাম ছিল আবু জাফর আহমদ বিন মুহম্মদ আত-তাহাবী। তিনি ৯৮৫ খ্রীস্টাব্দে ইন্তেকাল করেন।

Alter ( অল্টার ) — পরিবর্তন করা ; পরিবর্তিত হওয়া।

Alteration ( অল্টারেশান ) — পরিবর্তন, অদল্বদল্।

Alternate ( অল্টার্নেট্ ) — একান্তর।

Alternating Personalities ( অটার্নেটিং পারসন্যালিটিজ — ( মঃ ) একান্তর ব্যক্তিত্ব।

স্বাভাবিক জীবনে ব্যক্তিত্বকে অখণ্ড বলিয়া মনে হয়। কিন্তু আপাতদৃষ্টিতে অখণ্ড বলিয়া মনে হইলেও ব্যক্তিত্বের এমন অংশ থাকিতে পারে, যাহা বাকী ব্যক্তিত্ব হইতে বিচ্ছিন্ন। একই ব্যক্তির মধ্যে এইরূপ দুই বা ততোধিক বিচ্ছিন্ন ব্যক্তিত্ব পর পর কাজ করিলে সেই ব্যক্তিত্বকে একান্তর ব্যক্তিত্ব বলা হয়।

— Psychosis ( — সাইকোসিস্ ) — ( মঃ ) একান্তর উন্মত্ততা। এইরূপ মানসিক রোগে রোগী কখনও উদ্বিগ্ন ও কখনও বিষণ্ণ থাকে ; আবার মাঝে মাঝে সম্পূর্ণ সুস্থও হইয়া যায়।

Altruism ( অ্যাল্ট্রুইজম্ ) — ( নীঃ ) পরহিতবাদ, পরার্থবাদ।

ফরাসী দার্শনিক কোৎ (Comte) প্রথমেই এই শব্দটির ব্যবহার করেন। পরে ইংরাজ দার্শনিক হার্বার্ট স্পেনসার (Herbert Spencer) ইহার প্রচলন করেন। Comte-এর ইহার ব্যবহারে অর্থ—অপরের হিতের জন্য চেষ্টা করা। নিজের সুখকেই সাধারণতঃ লোকে বড় করিয়া দেখে; কিন্তু নৈতিক দিক হইতে দেখিলে নিজের ক্ষতি করিয়া হইলেও অপরের সুখের দিকে দৃষ্টি রাখিতে হইবে। ইহাই পরহিতবাদের আসল বক্তব্য।

—and Egoism (—ইগোয়িজম্) — পরহিতবাদ ও অহংবাদ বা আত্মসুখবাদ। নীতিবিদ্যায় মানব জীবনের চরম লক্ষ্য বা চরম কাম্য (Summum bonum) সম্বন্ধে পরস্পর বিরোধী দুইটি মতবাদ।

Altruistic (অ্যাল্ট্রুইস্টিক) — (নীঃ) পরার্থ কেন্দ্রিক।
Altruism দ্রষ্টব্য।

Al-Zamakhshari (আয্যামাখশারী) — আয্-যামাখ্শারী।
আয্যামাখ্শারী মুতাযিলাদের পরবর্তীযুগের একজন প্রধান মনীষী ও দার্শনিক। তাঁহার প্রণীত কুরআন মজীদের তফসীর (ভাষ্য) 'আল্ কাশশাফ্' এক কালে খুবই প্রসিদ্ধ ছিল। তিনি ১১৪৩ খ্রীস্টাব্দে ইহলোক ত্যাগ করেন।

Al-Zanjani (Az-Zanjani আয্-যানজানী) আয্-যান্জানী।
ইখওয়ানুস সাফাদলের একজন প্রধান দার্শনিক।
Ikhwanus Safa দ্রষ্টব্য।

Ambi (অ্যাম্বি)-(লাতিন উপপদ) দুই, উভ।

Ambidaxtrality (অ্যাম্বিডেক্সট্রালিটি) — (মোঃ) উভহস্ত কুশলী।

Ambiguity (অ্যাম্বিগিউয়িটি)—(যুঃ) দ্ব্যর্থবোধকতা।

Ambiguous (অ্যাম্বিগিউয়াস) — (যুঃ) দ্ব্যর্থবোধক, যাহার দুই প্রকার অর্থ হয়।

— Major ( — মেজর ) — ( যুঃ ) — প্রধান পদ।

ইহা একপ্রকার অবরোহী অনুপপত্তি। অবরোহী অনুমানের একটি নিয়ম হইল,—একটি পদকে একই অনুমান বা যুক্তিতে একই অর্থে ব্যবহার করিতে হইবে; তাহা না হইলে যুক্তিদোষ বা অনুপপত্তি ঘটিবে। অবরোহী সহানুমানে ( Syllogism ) যখন প্রধান পদটি ( অর্থাৎ সিদ্ধান্তের বিষয়টি ) সিদ্ধান্তেও প্রধান হেতু-বাক্যে দুই অর্থে ব্যবহার করা হয়, তখন যুক্তিতে যে দোষ ঘটে, তাহাকে 'দ্ব্যর্থবোধক প্রধানপদ'-দোষ বা অনুপপত্তি নামে অবিহিত করা হয়।

—Middle ( — মিডল ) — ( যুঃ ) — মধ্যপদ।

( ব্যাখ্যার জন্য Ambiguous Major দ্রষ্টব্য )।

Ambiguous Minor ( —মাইনর্ ) — (যুঃ) — অপ্রধান পদ।

( ব্যাখ্যার জন্য Ambiguous major দ্রষ্টব্য। )

— reversible perspective ( রিভার্সিব্‌ল পার্‌সপেকটিভ্ ) — দ্ব্যর্থবোধক প্রত্যাবর্তনীয় দৃষ্টিকোণ।

Ambisexuality ( অ্যাম্বিসেক্‌সুয়্যালিটি ) — ( মঃ ) উভকাম।

Ambivalence ( অ্যাম্বিভ্যালেন্স ) — (মঃ) উভদ্বন্দ্ব।

একই সময় কাহারও প্রতি দুই বিপরীত মনোভাব – যেমন, ভালবাসা ও ঘৃণা—পোষণ করাকে উভদ্বন্দ্ব বলা হয়।

Ambiversion ( অ্যাম্বিভারসান ) — (মঃ) উভবৃত্য।

যে ব্যক্তিত্বের মধ্যে অন্তর্মুখিতা ও বহির্মুখিতার সংমিশ্রণ বা এই দুইটির মধ্যে দোদুল্যমানতা থাকে, সেইরূপ ব্যক্তিত্বকে উভবৃত্য বলা হয়।

Ambivert ( অ্যাম্বিভার্ট ) — (মঃ) উভবৃত।

Amblyopia ( অ্যামব্লাইয়োপিয়া ) — (মঃ) দৃষ্টি ক্ষীণতা।

Ambrosiac ( অ্যাম্ব্রোজিয়্যাক ) — (মঃ) অম্বুরী-গন্ধী।

Amentia ( অ্যামেন্টিয়া ) — (মঃ) মানসিক দুর্বলতা।

Amir Ali, Syed ( আমীর আলী, সাইয়েদ ) — সাইয়েদ আমীর আলী।

আধুনিক কালের একজন মুসলিম চিন্তাবিদ। তাঁহার লিখিত Spirit of Islam ইসলাম ধর্ম ও মুসলিম দর্শনের একখানি মূল্যবান গ্রন্থ।

Amnesia ( অ্যাম্নেসিয়া ) — (মঃ) স্মৃতিনাশ, অস্মার।

Amoeba ( অ্যামিবা ) — (মঃ) এমিবা ; সর্বদা পরিবর্তনশীল জীবাণু বিশেষ।

Amoral ( অ্যামরাল্ ) — (নীঃ) অ-নৈতিক, নৈতিকতা বহির্ভূত।

যাহা ভালও নয় মন্দও নয়, যাহার বেলায় ভাল-মন্দ বিচারের প্রশ্ন উঠে না, তাহাই অ-নৈতিক।

Amphibology ( অ্যাম্ফিবোলজি ) — (যুঃ) দ্ব্যর্থক-গঠন দোষ।

ইহা এক প্রকারের অবরোহী অনুপপত্তি। কোন বাক্যে একাধিক অর্থবাচক গঠনের জন্য যে অনুপপত্তি ঘটে, তাহাকে Fallacy of Amphibology বলে। যেমন বইটি আমার, তোমার নয়। এই ক্ষেত্রে বাক্যটি অর্থ-সম্ভব: (১) বইটি আমার ; বইটি তোমার নয়। (২) বইটি আমার বা তোমার নয়। এই ক্ষেত্রে বাক্যটি যে কোন্ অর্থে ব্যবহৃত হইয়াছে, তাহা নির্ণয় করা কঠিন।

Amphiboly ( অ্যাম্ফিবোলি ) — (যুঃ) দ্ব্যর্থক গঠন দোষ।

Amphibology-এর অন্য নাম। [ Amphibology দ্রষ্টব্য। ]

Ampliative ( অ্যাম্প্লিএ্যাটিভ্ ) — সংশ্লেষক।

— proposition ( – প্রোপোজিশ্ন্ ) — (যুঃ) সংশ্লেষক বাক্য।

যে বাক্যের বিধেয় উদ্দেশ্যের জাত্যর্থ বিশ্লেষণ না করিয়া উদ্দেশ্য সম্বন্ধে কোন নূতন তথ্য বিবৃত করে তাহাকে Ampliative Proposition ( সংশ্লেষক বাক্য ) বলে। ইহার অন্য নাম Real

or Synthetic Proposition. যেমন, মানুষের ক্ষুধা ও পিপাসা আছে; মানুষ হাস্যপ্রিয় জীব; মানুষ কবিতা লেখে। বিশ্লেষক বাক্যের বিধেয়ে যে তথ্য পাওয়া যায় তাহা ইহার উদ্দেশ্যের জাত্যর্থে নাই। অতএব ইহাতে যে তথ্য পাওয়া যায়, তাহা নতুন। এই জাতীয় বাক্যের নাম হইল Accidental বা Ampliative Proposition.

Amplitude ( অ্যাম্‌প্লিচিউড ) — ( মঃ ) বিস্তৃতি।

Ampullæ ( অ্যাম্‌পিউলা ) — (মঃ) স্ফীতাংশ।

অস্থির স্ফীত শেষ অংশকে সাধারণতঃ অ্যামপিউলা বলা হয়।

Ampullar sensation ( অ্যাম্‌পিউলার সেন্‌সেশান ) — (মঃ) দিগ্‌বেদনা।

Amr bin Bahr al-Jahiz ( আমর বিন বাহার আল্‌-জাহীয ) — আমর বিন বাহার আল জাহীয।

Al-Jahiz দ্রষ্টব্য।

Amr ibn-Ubayd ( আমর-ইবন্ 'উবায়দ ) — আমর ইবন্ 'উবায়দ।

মুতাযিলাবাদের দ্বিতীয় প্রবর্তক। তিনি মুতাযিলাবাদের প্রবর্তক ওয়াসিল ইবন্ আতা-এর সহযোগী ছিলেন।

Amusia ( অ্যামুসিয়া ) — (মঃ) শ্রবণ ক্ষীণতা।

Ana ( অ্যানা )—( গ্রীক উপপদ ) ঊর্ধ্ব, উপর।

Anobolism ( অ্যানাবলিসম ) — (মঃ) অব-বিবাক।

জীবদেহে বিভিন্ন জৈবিক কোষ সৃষ্টির প্রণালী।

Anaclitic ( অ্যানাক্লিটিক ) — (মঃ) অতি নির্ভরতা।

প্রাপ্ত বয়সেও কাহারও প্রতি, বিশেষভাবে মামা বা পিতার প্রতি, শিশুসুলভ নির্ভরতাকে মনোবিদ্যার পরিভাষায় অতি নির্ভরতা বলে।

Anaesthesia ( অ্যানীস্‌থেসিয়া ) — (মঃ) অসাড়তা; অবশতা, অবেদন।

Anaesthetic ( অ্যানীস্থেটিক্ ) — চেতনা-নাশক, অবেদনিক।

Anagogic ( অ্যানাগোগিক ) — ফাল্-তোলা।

পবিত্র পুস্তকের অংশ বিশেষের সাহায্যে ভবিষ্যৎ ভাগ্য বা কর্মপন্থা নির্ণয় করা। ভবিষ্যৎ ভাগ্য অথবা কোন কার্যে জয়-পরাজয় নির্ধারণ করিতে কোন পবিত্র পুস্তক ( যেমন, খ্রীস্টানদের বেলায় 'বাইবেল' ) খুলিয়া তাহার দিকে তাকাইলেই প্রথমে যেখানে দৃষ্টি পড়ে সেই বাক্যের অর্থের উপর নির্ভর করিয়া নির্ণয় করা হয়। সেই বাক্যের অর্থ শুভ হইলে ভাগ্য ভাল বা কার্যে জয় হইবে বলিয়া মনে করা হয়, আর সেই বাক্যের অর্থ অশুভ হইলে ভাগ্য বা কার্য সম্বন্ধে ঐরূপ মনে করা হয়। ফাল্-তোলার জন্য ইরানে 'দীওয়ান-ই-হাফিজ' ব্যবহৃত হয়।

(মঃ) Jung-এর মনোবিদ্যার সমষ্টিগত অবচেতন মনের সৃজনী উদ্যম।

Anal Haqq ( আনাল হাক্ক ) —আমিই সত্য, আমিই ঈশ্বর। ঐশীভাবে বিভোর সূফী হুসায়্ন বিন মানসুর আল্-হাল্লাজ এইরূপ উক্তি করিয়াছিলেন। Al-Hallaj দ্রষ্টব্য।

Anal eroticism ( অ্যানাল ইরোটিসিজ্ম্ )<br>
Anal erotism ( — ইরোটিজ্ম্ ) } —(মঃ) পায়ুকাম।

— Phase ( — ফেজ ) — পায়ুস্তর।

Analgesia ( অ্যানালজেসিয়া ) — (মঃ) বেদনাহীনতা।

Analogical ( অ্যানালজিক্যাল ) — সাদৃশ্যপূর্ণ বা সাদৃশ্য-বোধক।

Analogies of Experience ( অ্যান্যালজিস অব এক্স্পীরেন্স ) —

অনুভূতির সাদৃশ্য। কান্টের ( Kant ) মতে যে সকল অবস্থা বা শ্রেণী বিভাগের মাধ্যমে বস্তুজগতের অনুভূতি বা অভিজ্ঞতা পাওয়া যায়।

Analogies test ( — টেস্ট্ ) — (মঃ) সাদৃশ্য পরখ।

Analogous organs ( অ্যান্যালগাস্ অরগ্যানস্ ) — সাদৃশ অঙ্গ।

যে সকল অঙ্গের মধ্যে আপাত সাদৃশ্য আছে, কিন্তু গঠন বা বৃদ্ধির দিক হইতে সাদৃশ্য নাই, সেই অঙ্গগুলিকে সাদৃশ অঙ্গ বলা হয়।

Analogy ( অ্যান্যালজি ) — সাদৃশ্য, উপমা।

—, Argument from ( — আর্গিউমেণ্ট ফ্রম্ ) — (যুঃ) সাদৃশ্য অনুমান, উপমা অনুমান।

সাদৃশ্য-অনুমান বা উপমা-অনুমান ( Analogy ) শব্দটি আধুনিক অর্থে দুইটি বস্তুর সাদৃশ্য বুঝায়। দুইটি বস্তুর মধ্যে কয়েকটি বিষয়ে সাদৃশ্য লক্ষ্য করিয়া যদি অনুমান করা হয় যে উহাদের একটি কোন বিশেষ গুণের অধিকারী বলিয়া অপরটিও ঐ গুণের অধিকারী, তাহা হইলে যে অনুমান করা হয়, তাহার নাম সাদৃশ্য অনুমান। যুক্তিবিদ মিল ( Mill ) সাদৃশ্য অনুমানের লক্ষণ নিম্নরূপে বিবৃত করিয়াছে : সাদৃশ্য-অনুমান অনুযায়ী দুইটি বস্তুর মধ্যে এক বা ততোধিক বিষয়ে যদি সাদৃশ্য থাকে এবং কোন বাক্য যদি উহাদের একটির সম্পর্কে সত্য হয়, তাহা হইলে সেই বাক্য অপর বস্তুটির সম্পর্কেও সত্য হইবে।

Analysis ( অ্যান্যালিসিস্ ) — বিশ্লেষণ।

কোন জিনিসকে উহার মৌলিক অংশ সমূহে ভাগ করা, কোন ঘটনার উৎপত্তি, মৌলিক ও আনুষঙ্গিক কারণ, অন্তর্নিহিত উদ্দেশ্য ও সম্ভাব্য পরিণতি উদ্ঘাটিত করিয়া দেখান।

Analysis, Chemical ( — কেমিক্যাল ) — রাসায়নিক বিশ্লেষণ।

— Intenational ( — ইন্টেন্শন্যাল ) — (মঃ) ঐচ্ছিক বিশ্লেষণ, উদ্দেশ্য প্রসূত-বিশ্লেষণ।

— Mathematical ( — ম্যাথিম্যাটিক্যাল ) — গাণিতিক বিশ্লেষণ।

Analytic ( অ্যান্যালিটিক্ ) — বিশ্লেষণী, বিশ্লেষণ সম্বন্ধীয়।

— Proposition ( — প্রোপোজিশান্ ) — (যু:) বিশ্লেষক বাক্য।

যে বাক্যের বিধেয় মাত্র উদ্দেশ্যের জাত্যর্থ ( connotation ) বিশ্লেষণ করে, উদ্দেশ্য সম্পর্কে কোন নূতন তথ্য বিবৃত করে না, তাহাকে Analytic Proposition ( বিশ্লেষক বাক্য ) বলা হয়। ইহার অন্য নাম Verbal Essential বা Explicative Proposition. যেমন, মানুষ বুদ্ধিবৃত্তি সম্পন্ন প্রাণী ; মানুষের বুদ্ধিবৃত্তি আছে ; মানুষ এক রকম প্রাণী। বিশ্লেষক বাক্যে পূর্ণ জাত্যর্থ বা জাত্যর্থের একটি অংশ উল্লেখ করা হয়। এইরূপ বাকে উদ্দেশ্যের মধ্যে যে কথা নিহিত ছিল, বিধেয়ের মধ্যে তাহাই স্পষ্ট করিয়া বলা হয়। অতএব ইহাতে কোন নূতন তথ্য পাওয়া যায় না।

— Psychology ( — সাইকলজি ) — (ম:) বিশ্লেষণ মনোবিদ্যা।

Analytic trains of reasoning ( — ট্রেন্স্ অব রীজনিং ) — (যু:) বিশ্লেষক যুক্তিমালা, প্রতীয়গামী সহানুমানমালা।

যে সহানুমানমালায় যুক্তি পূর্ব সহানুমান (epi-syllogism) হইতে পর-সহানুমানের ( pro-syllogism ) দিকে অগ্রসর হয় তাহাকে প্রতীয়গামী সহানুমানমালা বলা হয়। ইহার অন্য নাম Regressive ও Pro-syllogistic trains of syllogism.

—, Transcendental ( — ট্রানসেন্‌ডেন্টাল ) — (দ:) অতীন্দ্রিয় বিশ্লেষণী।

জার্মান দার্শনিক ইমানুয়েল কান্টের ( Immanuel Kant) লিখিত Critique of Purereason-এর অংশ বিশেষ।

Analytical ( অ্যান্যালিটিক্যাল ) — বিশ্লেষণ-মূলক, বিশ্লেষণ পদ্ধতি মূলক।

Anamnesis ( অ্যানামনেসিস্ ) — (ম:) পীড়-পূর্ব ইতিহাস।

মানসসমীক্ষণে মানসিক পীড়ারম্ভের পূর্ব পর্যন্ত বা চিকিৎসা আরম্ভের পূর্ব পর্যন্ত রোগীর ইতিহাস।

Anaphia ( অ্যান্যাফিয়া ) — (ম:) অসাড়তা, স্পর্শ সংবেদন-হীনতা।

Anarchism ( অ্যান্যার্কিজম্ ) — অরাজকতা।

শাসনতন্ত্র অবাঞ্ছনীয় এইরূপ মতবাদ, নৈরাষ্ট্রবাদ। গ্রীক্ ভাষায় এনার্কিয়া ( Anarkia ) শব্দ হইতে উহার উৎপত্তি গ্রীক্ ভাষায় ইহার অর্থ 'শাসন হীনতা' বা 'শাসনের অভাব'; একটি রাজনৈতিক-সামাজিক মতবাদ।

Anarthria ( অ্যান্যাথ্রিয়া ) — স্পষ্ট উচ্চারণে অক্ষমতা।

Anaxragoras ( আন্যাক্সর‍্যাগোরাস্ ) — অ্যানাকসাগোরাস, খ্রীস্টপূর্বপঞ্চম শতাব্দীর একজন গ্রীক্ দার্শনিক। তিনি ক্লাজোমীনের অধিবাসী ছিলেন। মধ্যবয়সে তিনি এথেন্সে বসবাস করিতে আসেন, কিন্তু পরে তাঁহাকে ধর্মহীনতার-অপবাদ দিয়া উক্ত শহর হইতে বিতাড়িত করা হয়।

অ্যানাক্সাগোরাসের মতে জগতে অসংখ্য মৌলিক পদার্থ রহিয়াছে এবং এই মৌলিক পদার্থগুলি জগতের সর্বত্র পরিব্যাপ্ত। এই মৌলিক পদার্থের সংমিশ্রণে জগতের সকল বস্তুর উদ্ভব হয়। এই মৌলিক পদার্থগুলির গতির হেতু হিসাবে তিনি একটি গতি সম্পন্ন পদার্থের ধারণা করেন এবং ইহাকে তিনি 'নাউস' বা বিশ্ব আত্মা নামে অভিহিত করেন। প্রকৃতি বা জগতের গতিবিধির মধ্যে একটা উদ্দেশ্য, সামঞ্জস্য ও নিয়মানুবর্তিতা আছে বলিয়া আনাক্সাগোরাসই প্রথমে প্রাকৃতিক জগতের ব্যাখ্যার উদ্দেশ্যবাদের নীতি গ্রহণ করেন।

Anaximander ( অ্যানাক্সিমান্ডার ) — অ্যানাক্সিমান্ডার।

একজন গ্রীক দার্শনিক।

খ্রীস্ট পূর্ব ষষ্ঠ শতাব্দীর একজন গ্রীক দার্শনিক। গ্রীক দর্শনের মিলেসীয় শাখার তিনজন দার্শনিকের অন্যতম। এই দর্শন জাগতিক বস্তু সমূহের কারণ বা উৎস হিসাবে একটি মূল বস্তু বা মূল সূত্রের সন্ধানে ব্যস্ত ছিল। অ্যানাক্সাগোরাসের মতে এই মূল উৎস হইল

একটি অনন্ত সত্তা ; যাহা অনন্তকাল হইতে বিদ্যমান এবং যাহা অব্যয় ও অক্ষয়।

Anaximenes (অ্যানাক্সামিন্স্) -- আনাকসামিন্স্ গ্রীক দর্শনের মিলেসীয় শাখার একজন অন্যতম দার্শনিক।

আনাকসামিন্স্ খ্রীস্ট পূর্ব ষষ্ঠ শতাব্দীর লোক ছিলেন। মিলেসীয় দর্শনের প্রথম দার্শনিক থ্যালিসের ( Thales ) মতে পানি হইতে জগতের সমস্ত বস্তু উদ্ভূত হইয়াছে। কিন্তু আনাকসামিনসের মতে সমস্ত বস্তুর মূল উৎস হইল বায়ু। সর্বত্র পরিব্যাপ্ত, সেইজন্য তিনি মনে করেন যে বায়ুই জাগতিক বস্তু সমূহের মূল উৎস।

Anchorage ( অ্যাংকরেজ ) — নঙ্গরস্থান, নঙ্গরফেলা।

Androgen ( অ্যান্ড্রোজেন ) — ( মঃ ) পুরুষ হরমোন, পুংগ্রন্থিরস।

Androgyny ( অ্যান্ড্রোজিনি ) — ( মঃ ) উভলিঙ্গতা।

Anenecphaly ( অ্যানেন্সিফ্যালি ) — মস্তিষ্কহীনতা।

Anesthesia ( অ্যানেসথেসিয়া )— ( মঃ ) আসাড়তা

Aneasthesia দ্রষ্টব্য।

Anglo-Catholic Philsoply ( অ্যাঙ্গলো-ক্যাথোলিক ফিলজফী ) —

ইঙ্গ-ক্যাথলিক দর্শন।

ইহা ইংল্যণ্ডে ও আমেরিকার ক্যাথলিক ধর্মের মূল ধর্মমতকে বুঝায়। ইহার বিশেষত্ব এই যে ইহা ক্যাথলিক ধর্মের মূল ধর্মমত ও নৈতিকতার সহিত আধুনিক বিজ্ঞান ও দর্শনের সমন্বয় সাধন করিয়া এই নূতন মতবাদ গড়িয়া তুলিয়াছে।

Anhedonia ( অ্যানহেডোনিয়া ) — ( মঃ ) আনন্দহীনতা।

ইহা এক প্রকার মানসিক রোগ। এই রোগে স্বাভাবিকভাবে আনন্দদায়ক অবস্থাতেও রোগী কোন আনন্দ পায় না।

Anima ( অ্যানিমা ) — ( দঃ ) আত্মা, মন।

(মঃ) Jung এর মনোবিদ্যায় সমষ্টিগত মানব মনের অবচেতনায় স্ত্রী-ধর্ম।

— Mundi ( — মুনডি ) ( দঃ ) বিশ্ব-আত্মা। ( লাতিন )।

অধ্যাত্মবাদী দার্শনিকদের মতে বিশ্বের মূল উৎস হিসাবে এবং ইহাকে সঞ্জীবিত রাখিবার জন্য একটি শক্তি আছে। এই শক্তিকে তাঁহারা মানুষের আত্মার অনুরূপ ভাবের দেখিয়া আত্মা হিসাবে ধরিয়া লইয়াছেন। প্রাচীন গ্রীক দার্শনিকদের মধ্যে প্লাতো, স্টোইক দার্শনিকগণ ও নব্য প্লাতোবাদের দার্শনিকগণ এই মত পোষণ করিতেন।

Animalitarianism ( অ্যানিমালিটারিয়ানিজম ) — (দঃ) প্রাণিত্ববাদ।

দার্শনিক লাভজয়ের ( Lovejoy ) মতে সাধারণ প্রাণীর জীবন মানুষের জীবন হইতে অধিকতর সুখী, সুন্দর ও স্বাভাবিক। তাঁহার এই মতবাদকেই তিনি উক্ত নাম দিয়াছেন।